১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 27 ■ 6th July 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

DR. K.R. ADHIKARY
COLLEGE OF OPTOMETRY & PARAMEDICAL TECHNOLOGY
Affiliated to UNIVERSITY OF KALYANI
Pioneer in Paramedical Education since 2003
Student Credit Card Facility
DIPLOMA COURSES (2 Years)
● DOS & OT ● DMLT ● DMRT ● DPT ● DDT & OH ● DECG & PFT ● DPA & ED
● DDT ● DCCT ● ADCLP ● DOTT ● DAT Eligibility : HS (10+2) or equivalent
Kalyani WEBEL I.T Park, Phase-II
Website: www.kradhikarycollege.org | 9339218894 / 9477425536 / 8100149510

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

মাধ্যমিক পাশ ছেলেমেয়ের জন্য

## কেন্দ্রীয় সরকারে ৮,৩২৬ মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার

**বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' ও 'হাবলদার' পদে ৮,৩২৬ জন ছেলেমেয়ে নেওয়া হচেছ।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা দুই পদের জন্যই আবেদন করতে পারেন। হাবলদার পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (গোর্খা ও তপশিলী উপজাতি হলে ১৫২.৫ সেমি), বুকের ছাতি অন্তত ৮১ সেমি (অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে)। মেয়েদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫২ সেমি (গোর্খা ও তপশিলী উপজাতি হলে ১৪৯.৫ সেমি) আর ওজন অন্তত ৪৮ কেজি (গোর্খা ও তপশিলী উপজাতি হলে ৪৬ কেজি)।

বয়স হতে হবে — মাল্টি টাস্কিং স্টাফ পদের বেলায় ১-৮-২০২৪'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৯ থেকে ১-৮-২০০৬'এর মধ্যে। হাবলদার পদের জন্য বয়স হতে হবে ১-৮-২০২৪'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৭ থেকে ১-৮-২০০৬'এর মধ্যে।

ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচিছন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স সপ্তম পে কমিশন অনুযায়ী। শূন্যপদ : মাল্টি টাস্কিং স্টাফ পদে ৪,৮৮৭টি, হাবলদার পদে ৩,৪৩৯টি। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2024' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে

☞ এরপর ১৪ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
General Combined
নতুন ব্যাচ : 10 ও 14 জুলাই
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
8597355667

আই.বি.পি.এস পরীক্ষার মাধ্যমে

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৬,১২৮ জন ক্লার্ক

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : সারা ভারতের বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক 'ক্লারিক্যাল ক্যাডারে' ৬,১২৮ জন ছেলেমেয়ে নিচেছ। নেওয়া হবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস.)'এর 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট ইন ক্লার্কস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশন (CRP Clerks-XIV)' পরীক্ষার মাধ্যমে।

প্রথমে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন সর্বভারতীয় ভিত্তিতে 'অনলাইন পরীক্ষা' নেবে। পরীক্ষা হবে দু'টি ধাপে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা ও তাতে কোয়ালিফাই নম্বর পেলে মেন পরীক্ষা। 'মেন' পরীক্ষায় সফল হলে নাম অ্যালোকেশনের জন্য পাঠানো হবে। এই পদের বেলায় কোনো ইন্টারভিউ নেই। 'মেন' পরীক্ষায় পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে ও নিয়োগ হবে ব্যাঙ্ক অফ বরোদা, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, কানাড়া ব্যাঙ্ক, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ব্যাঙ্ক, ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক,

☞ এরপর ১২ পাতায়

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে

## ১৭,৭২৭ ইন্সপেক্টর, অডিটর

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার /এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে ১৭,৭২৭ শূন্যপদের জন্য ২০২৪ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়ের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট',

☞ এরপর ১৫ পাতায়

## ক্লার্কশিপ, মিসলেনিয়াস, ডব্লু.বি.সি.এস-সহ একাধিক পরীক্ষার তারিখ ঘোষণা করল পি.এস.সি

**মিসলেনিয়াস পরীক্ষা ১৫ সেপ্টেম্বর, ক্লার্কশিপ ১৬-১৭ নভেম্বর, ডব্লু.বি.সি.এস প্রিলি. ১৫ ডিসেম্বর**

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে এবছর যে যে পদের পরীক্ষা নেওয়া হবে, তার তালিকা প্রকাশ করেছে। ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার তারিখও ঘোষণা করা হয়েছে। ও.বি.সি. সার্টিফিকেট সংক্রান্ত বিষয়ে মামলা চলার জন্য পরীক্ষা নিতে পারবে না, এমন গুজব ওঠায় পি.এস.সি. কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের কথা ভেবে কবে, কোন পদের পরীক্ষা হবে তা প্রকাশ করল। এছাড়া কোন পরীক্ষার জন্য কতজন প্রার্থী দরখাস্ত করেছে, তার সংখ্যাটিও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা আছে। যে যে পরীক্ষার তারিখ ঠিক হয়েছে, তা নিচে দেওয়া হল :

(১) ২০২৩ সালের মিসলেনিয়াস সার্ভিসেস পদের প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৫ সেপ্টেম্বর। এই পদে দরখাস্ত করেছে ২,৫৪,৩৯৪ জন প্রার্থী।

(২) ২০২৩ সালের ক্লার্কশিপ পদের পার্ট-। পরীক্ষা হবে ১৬ ও ১৭ নভেম্বর। এই পদে দরখাস্ত করেছে ৭,১৪,৪১৩ জন প্রার্থী।

(৩) ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৫ ডিসেম্বর। এই পদের জন্য আগস্ট মাস নাগাদ দরখাস্ত নেওয়া শুরু হবে।

(৪) ওয়েস্ট বেঙ্গল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরির সিনিয়র সায়েন্টিফিক অফিসার পদের পরীক্ষা হবে ৩০ জুন। এই পদে দরখাস্ত করেছে ২০১ জন প্রার্থী।

☞ এরপর ১৪ পাতায়

## আই.টি.বি.পি'তে ১১২ এডুকেশন কাউন্সেলর

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'হেড কনস্টেবল(এডুকেশন অ্যান্ড স্ট্রেস কাউন্সেলর)' পদে ১১২ জন ছেলেমেয়ে নিচেছ।

সাইকোলজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা

☞ এরপর ৮ পাতায়

গতবারের মতো এবারেও
কমন
পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের
Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৪০০/- টাকা ৩০০/- টাকা
সাফল্য সাফল্য

## লাইফ টাইম 'টেট' সার্টিফিকেট দেওয়া হচ্ছে

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১১ সালের আপার প্রাইমারি 'টেট' যাঁরা পাশ করেছিলেন, তাঁদের এখনো কয়েকটি রিজিওন্যাল অফিস থেকে 'টেট' সার্টিফিকেট দেওয়া হচ্ছে। কোন রিজিওন্যাল অফিসে কত তারিখ পর্যন্ত সার্টিফিকেট দেওয়া হবে তা দেওয়া হল : (ক) ইস্টার্ন রিজিওন্যাল অফিসের বেলায় ১১ জুলাই পর্যন্ত। (খ) নর্দার্ন রিজিওন্যাল অফিসে সার্টিফিকেট দেওয়া হয়েছে ২৮ জুন পর্যন্ত। (গ) সাউথ ইস্টার্ন রিজিওন্যাল অফিসের বেলায় ৫ জুলাই পর্যন্ত। (ঘ) পশ্চিমাঞ্চলের বেলায় সার্টিফিকেট দেওয়া হয়েছে ২৭ জুন পর্যন্ত। সার্টিফিকেট আনতে

☞ এরপর ৩ পাতায়

ব্যবসা

## বিদেশি ভাষা শেখানোর স্কুল

**কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু**

বিদেশি ভাষা শিখিয়েও প্রচুর টাকা আয় করা সম্ভব। এখন অনেকেই বিদেশি ভাষা শেখার ব্যাপারে উৎসাহী হয়ে উঠছেন মূলত এইসব কারণে :




(১) বিদেশি ভাষা শিখে অনুবাদক বা দোভাষী হিসাবে সম্মানীয় চাকরি পাওয়ার জন্য।

(২) বিদেশি ভাষা শিখে অন্য দেশের সংস্কৃতি, ইতিহাসের রসস্বাদন করার জন্য।

(৩) গবেষণা করার ক্ষেত্রে উন্নত দেশের ভাষা জানা থাকলে সুবিধা হয়।

(৪) অনেকে বিদেশি

☞ এরপর ৬ পাতায়

## লাইফ টাইম 'টেট'

১ পাতার পর

সঙ্গে নিয়ে যেতে হবে 12th RLST (AT)-এর 'টেট' পরীক্ষার অ্যাডমিট কার্ড আর ফটো আইডেন্টিটি প্রুফ হিসাবে ভোটার কার্ড, আধার কার্ড, প্যান কার্ড কিংবা পাশপোর্টের মূল ও জেরক্স কপি। সংশ্লিষ্ট রিজিওন্যাল অফিস থেকে 'টেট' সার্টিফিকেট নেওয়ার পর ওই সার্টিফিকেটের 'লাইফটাইম' বৈধতার জন্য সংশ্লিষ্ট প্রার্থীকে স্কুল সার্ভিস কমিশনের অফিসে গিয়ে ওই 'টেট' সার্টিফিকেট দেখিয়ে 'লাইফটাইম' বৈধতা নিতে হবে। কোন জেলার প্রার্থীদের কবে কোথায় যেতে হবে ইত্যাদি বিস্তারিত তথ্য পাবেন স্কুল সার্ভিস কমিশনের এই ওয়েবসাইটে : www.westbengalssc.com, ২০১৪ সালের 'টেট' সার্টিফিকেট কবে দেওয়া হবে তা পরে জানানো হবে।

## মাইক্রোফিনান্স সংস্থায় কয়েকশো অফিসার, ম্যানেজার

নিজস্ব সংবাদদাতা, কলকাতা: রাজ্যের নামী ক্ষুদ্রঋণ প্রদানকারী কোম্পানি, শ্রীপুর স্বামী বিবেকানন্দ ওয়েলফেয়ার সোসাইটি 'এরিয়া ম্যানেজার', 'ক্রেডিট অফিসার', 'ব্রাঞ্চ ম্যানেজার' ও 'ইন্টারনাল অডিটর' পদে কয়েকশো ছেলেমেয়ে নিচ্ছে। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হাওড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, নদীয়া, হুগলী, মালদা, উত্তর দিনাজপুর ও মুর্শিদাবাদে নতুন শাখা অফিস খোলার জন্য এই নিয়োগ হবে। 'ব্রাঞ্চ ম্যানেজার', 'এরিয়া ম্যানেজার' ও 'ইন্টারনাল অডিটর' পদের বেলায় যেকোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। 'ক্রেডিট অফিসার' পদের বেলায় উচ্চমাধ্যমিক পাশ করলেই আবেদনের জন্য যোগ্য। 'ক্রেডিট অফিসার' ও 'ব্রাঞ্চ ম্যানেজার' পদের জন্য বাইক / স্কুটি ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে ও বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। 'এরিয়া ম্যানেজার' ও 'ইন্টারনাল অডিটর' পদের ক্ষেত্রে বয়স হতে হবে ৪৫ বছরের মধ্যে। এইসব পদে নিয়োগ হবে ইন্টারভিউ এর মাধ্যমে। ইন্টারভিউ-এর তারিখ জানানো হবে রেজিস্টার্ড ইমেল আইডির মাধ্যমে। ইচ্ছুক প্রার্থীরা CV পাঠান এই ইমেল আইডিতে: ssvws.bengal@gmail.com অথবা হোয়াটসঅ্যাপ করুন 6890486130 নম্বরে।

**প্রগতি ITI-এ ভর্তি বহরমপুর ও কৃষ্ণনগরে**

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৪ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

MINISTRY OF MICRO, SMALL & MEDIUM ENTERPRISES
GOVERNMENT OF INDIA

**MSME- TECHNOLOGY DEVELOPMENT CENTRE**
**CENTRAL FOOTWEAR TRAINING INSTITUTE**
(Ministry of MSME, Govt. of India)
111 & 112, B.T Road, Kolkata : 700108

**CFTI, Agra has been developing human resource for Footwear & Allied Industry through various Training Programs and Activities**

**ADMISSION OPEN FOR JOB ORIENTED COURSES**

1. ADVANCED CERTIFICATE IN "FOOTWEAR DESIGN & PRODUCT DEVELOPMENT"
2. CERTIFICATE COURSE IN "FOOTWEAR DESIGN & PRODUCTION"
3. CERTIFICATE IN MANUFACTURING OF "NON-LEATHER FOOTWEAR"
4. CERTIFICATE IN "SHOE COMPUTER AIDED DESIGN" (SHOE CAD" )
5. CERTIFICATE IN MANUFACTURING OF "LEATHER GOODS & ACCESSORIES"

| S. No. | Course | Duration | Qualification | Seat | Min. Age | Selection Procedure |
|---|---|---|---|---|---|---|
| 1. | ACFDPD | 12 Months | 12th Pass | 20 | 17 | On Merit basis and/ Counseling. |
| 2. | CCFDP | 06 Months | 10th Pass | 30 | 17½ | |
| 3. | CMNLF | 06 Months | 10th Pass | 15 | 17½ | |
| 4. | SHOE CAD | 03 Months | 10th Pass | 15 | 18 | |
| 5. | CMLGA | 03 Months | 10th Pass | 15 | 18 | |



- Last Date for Submission of Application form : 20-07-2024
- Course Commencement : 20-08-2024
- Course detail and Application: Can be collected from CFTI - EC (Campus of MSME-DI, Kolkata) by paying Rs. 100/- or through post by sending DD of Rs. 100/- in favour of Director, CFTI, Agra. Course detail and Application form can also be downloaded from CFTI's Website and can be submit along with Demand Draft of Rs. 100/- to CFTI-EC (Campus of MSME-DFO, Kolkata) **Venue: MSME-DFO Campus Kolkata.**

MSME- Development Facilitation Office
Central Footwear Training Institute, EC-Kolkata
111 & 112, B T Road, Kolkata- 700108
Email: eckolkata@cftiagra.org.in
Mob. - 7417418545, 8017124737, 9759848995, 7310642370

Opportunities to start your own Business and Employment

Ph: 0562-2642005
E-Mail: info@cftiagra.org.in
**CFTI, AGRA**
Website: www.cftiagra.org.in

**SSVWS সংস্থায়**

**এরিয়া ম্যানেজার / ইন্টারনাল অডিটর ব্রাঞ্চ ম্যানেজার / ক্রেডিট অফিসার নিয়োগ**

উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হাওড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, নদিয়া, হুগলি, মালদা, উত্তর দিনাজপুর মুর্শিদাবাদের, নামি মাইক্রোফিন্যান্স সংস্থায় ওপরের পদে ছেলেমেয়ে নেওয়া হবে।

**আকর্ষণীয় মাইনে**

যোগ্যতা: এরিয়া ম্যানেজার, ইন্টারনাল ম্যানেজার, ব্রাঞ্চ ম্যানেজার পদে গ্র্যাজুয়েট ও ক্রেডিট অফিসার পদে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা যোগ্য

ক্রেডিট অফিসার ও ব্রাঞ্চ ম্যানেজারের জন্য বাইক ও বৈধ লাইসেন্স লাগবেই

সিভি পাঠান এই মেল আইডি-তে
hr.ssvws.bengal@gmail.com
or Whatsapp to 6290486130

**মাসে ১৫০০০/- থেকে ২০০০০/- আয়ের সুযোগ**

**কীভাবে?**

GLOCAL UNIVERSITY
Authorised training partner

গ্র্যাজুয়েট যোগ্যতায়
- Child Psychology Certificate Course (৬ মাস)
- Child Psychology Diploma Course (১ বছরের)

Online আর Offline ক্লাসের সুবিধা

**এখান কোর্স করার পরে কেউ চাকরি শূণ্যতায় থাকে না। চাকরি পাবেই।**

এই কোর্স পড়ে চাকরি হবে -
(১) রাজ্য ও দেশের সব বোর্ডের (ICSE, CBSE,WBBSE) স্কুলে
(২) স্বাস্থ্য বিভাগের বিভিন্ন দফতরে
(৩) TET / CTET-এ প্রাধান্য

ক্লাস 5 আগস্ট থেকে শুরু হতে চলেছে

ভর্তি চলছে

এই কোর্স পড়ে প্রতি মাসে আমাদের এখান থেকে কয়েকশো ছেলেমেয়ে পাশ করেছে যাদের মাসিক আয় ন্যূনতম ১৫০০০/- থেকে ২০০০০/- টাকা।

B.Ed. পাশ ছেলেমেয়েদের জন্য স্পেশাল কাউন্সেলিং

এই কোর্স পড়ে চাকরি পেয়েছে এমন কিছু ছেলেমেয়ের ছবি দেওয়া হল।

এদের মতো আপনিও রোজগার করে স্বনির্ভর হতে পারেন

হেল্পলাইন - 9933130563
রেজিস্টার্ড অফিস : বাগনান, হাওড়া
ওয়েবসাইট : https://geniusmind.co.in



সুজয় করন | স্নিগ্ধা দাস | পায়েল বিশ্বাস

# GENEX SUPTENNDU GROUP

**ট্রেনিং শেষে হাসপাতালে বা Health Sector-এ চাকরি সুনিশ্চিত করতে চান?**

ADMISSION GOING ON

**আগ্রহী ছাত্রছাত্রীরা সত্বর যোগাযোগ করুন : শেষ সুযোগ!!**

খুব কম খরচে ছেলেদের নার্সিং পড়ার সুযোগ
**GNM (Male)** মাত্র 3 লাখ টাকায়
**LAKSHMI NURSING INSTITUTE**
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

খুব কম খরচে মেয়েদের নার্সিং পড়ার সুযোগ
**GNM (Female)** মাত্র 2.5 লাখ টাকায়
**BASUDEB NURSING ACADEMY**
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

খুব কম খরচে ফার্মেসি পড়ার সুযোগ
**D.PHARMA** মাত্র 1.2 লাখ টাকায়
**SUPTENDU PHARMACY INSTITUTE**
Affiliated by WBSCTVE & SD Approved by PCI

শেষ সুযোগ শেষ সুযোগ শেষ সুযোগ
**D.El.Ed.** মাত্র 35 হাজার টাকায়
2024-26 Session-এ D.El.Ed.-এ ভর্তির শেষ সুযোগ
**Suptendu Memorial D.Ed. College**
Affiliated by WBBPE & Recognised by NCTE

Address: Sugandha, Hooghly-712102 (5 minutes from Chinsurah Station)
9748305453, 8335083933, 8100613849, 8335063512

## প্যাকেজিংয়ের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীন স্বশাসিত সংস্থা ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ প্যাকেজিংয়ের নতুন সেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। এআইসিটিই/যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্ততপক্ষে দ্বিতীয় শ্রেণির নম্বর পেয়ে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, মাইক্রো বায়োলজি, অ্যাগ্রিকালচার, ফুড সায়েন্স, পলিমার সায়েন্স, ফার্মাসিউটিক্যালস নিয়ে ডিগ্রি কোর্স পাশ বা কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, সিভিল, বায়ো-কেমিস্ট্রি / বায়ো-টেকনোলজি, প্রিন্টিং টেকনোলজি নিয়ে ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। যাঁরা এবার ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদন করতে পারেন। ভরতি নেওয়া হবে এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে। অফলাইন পরীক্ষা হবে মুম্বাই, কলকাতা, চেন্নাই, দিল্লি, হায়দরাবাদ ও আহমেদাবাদ ১৪ জুলাই। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ১০ জুলাই। ঠিকানা : ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, কলকাতা সেন্টার, ব্লক সিপি-১০, সেক্টর V, সল্ট লেক সিটি, বিধাননগর, কলকাতা -৭০০ ০৯১। ফোন : (033)-2367 6016 / 0763. এই কোর্সের ব্যাপারে বিশদে জানতে সরাসরি যোগাযোগ করুন কলকাতা ব্রাঞ্চের ডেপুটি ডিরেক্টর ও ব্রাঞ্চ হেড বিধান দাস (8017219939), অথবা কোর্স কো-অর্ডিনেটর ড. নিলয় কান্তি প্রামানিককে (8355957469). website : www.iip.in.com

## নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে পিআইএমটির কর্মমুখী কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** আজকের দিনে কাজের বাজারে নিজেকে যোগ্য করে তুলতে হলে পড়াশোনার পাশাপাশি দক্ষতা বাড়ানোর ট্রেনিং খুব জরুরি। এমন ধরনের কোর্স করা উচিত যেখানে পড়তে পড়তে আয়ের সুযোগ রয়েছে। বাংলার ছেলে মেয়েদের কর্মসংস্থানের লক্ষ্যে ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই ১১টি বৃত্তিমূলক ও পেশাদার কোর্সে ভরতি নিচ্ছে: (১) টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং, (২) ফায়ার সেফটি সিকিউরিটি, (৩) ডিজাস্টার ম্যানেজমেন্ট, (৪) প্রি প্রাইমারি টিচার্স মন্তেশ্বরি, (৫) যোগা অ্যান্ড নেচারোপ্যাথি, (৬) ফিটনেস স্পোর্টস ম্যানেজমেন্ট, (৭) বিউটিশিয়ান/ওয়েলনেস, (৮) ই-ট্যাক্স/ল, (৯) সোলার টেকনিশিয়ান, (১০) বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল এডমিনিস্ট্রেশন, (১১) অফিস ম্যানেজমেন্ট। কোর্স অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি কোর্স পাশ। পড়ানো হবে ডিপ্লোমা/ অ্যাডভান্সড ডিপ্লোমা/ সার্টিফিকেট/ ভোকেশনাল কোর্স। পি আইএমটির প্রিন্সিপ্যাল অধ্যাপক প্রবীরকুমার দে জানান, ২ বছরের টেলারিং ও ড্রেস ডিজাইনিং কোর্স করার পর স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় কর্মশিক্ষা বিষয়ে শিক্ষক পদে আবেদন করা যায়। যোগা ও নেচারোপ্যাথির ডিপ্লোমা কোর্স পাশরা রাজ্য সরকারের হেলথ সেন্টারে চাকরির যোগ্য। ফিটনেস স্পোর্টস ম্যানেজমেন্ট পাশরা জিম সেন্টারে চাকরি পান। সব ক্ষেত্রে ইংলিশ, কমপিউটার, উদ্যমী গঠনে অ্যাডঅন ফ্রি ট্রেনিং দেওয়া হয়। সব কোর্সে অভিজ্ঞ শিক্ষকরা থিওরির পাশাপাশি হাতে কলমে প্র্যাকটিক্যাল ট্রেনিং দেন। ছাত্রছাত্রীদের কেরিয়ারের দিশা দেখাতে প্রতি মাসে কেরিয়ার ডেভেলপমেন্ট ওয়ার্কশপ করা হয়। তিনি আরো জানান, এখান থেকে কোর্স করে সফল ছাত্র ছাত্রীরা পুলিশ, বিএসএফ, মিলিটারি, ফরেন অ্যাম্বাসি, স্কুল, হাসপাতাল, মল সহ বিভিন্ন কর্পোরেট সংস্থায় চাকরি করছে। অনেকে আবার নিজস্ব উদ্যোগে গড়ে তুলেছেন স্টার্ট আপ ব্যবসা। পি আই এম টি থেকে কোর্স করে এ ক বছরে ২৫,০০০ বেশি ছাত্র ছাত্রী কাজ পেয়েছেন। ৯৫% শিক্ষার্থী পড়তে পড়তে কাজ পেয়ে যান। ওপরের সব কোর্স পড়ানো হয় এইসব স্টাডি সেন্টারে: কলকাতা, ডায়মন্ডহারবার, বারাসাত - হৃদয়পুর, মালদহ, বর্ধমান, ফারাক্কা- খাতরা, বাঁকুড়া, রায়গঞ্জ, পুরুলিয়া। অনলাইন ভর্তির জন্য যোগাযোগ : ৯৩৩১২৫৬৯৩৪ / ৯৪৭৭৮৪৬৫২০ / ৯৪৭৭৮৪৬৫৮২ । www.pimtonline.in / PIMT youtube TV / mail: pimtonline@gmail.com


### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।


### চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে স্বল্পমেয়াদের রোজগারমুখী ১২ ট্রেনিং




**নিজস্ব প্রতিনিধি :** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের জীবনব্যাপী শিক্ষা ও সম্প্রসারণ বিভাগের বিভাগীয় প্রধান প্রসেনজিৎ দেব জানান, বেকার ছেলেমেয়েদের কর্মসংস্থানের জন্য এখানে ৪০টি উপার্জনমুখী ট্রেনিং দেওয়া হয়। এই মুহূর্তে ১২টি কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ জানানো হল - (১) ইলেকট্রিক্যাল ওয়্যারিং, ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ৬ মাস। (২) অ্যাগ্রি-হর্টিকালচার, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ আগের মতো। (৩) কমিউনিকেটিভ ইংলিশ, উচ্চামাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন, মেয়াদ ৩ মাস। (৪) প্রাইমারি হেলথ কেয়ার অ্যান্ড সোসাল সার্ভিস, মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন, মেয়াদ ১ মাস। (৫) ম্যানেজারশিপ অফ সিভিল কনস্ট্রকশন, উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন, মেয়াদ ১ বছর। (৬) কম্পিউটার সফটওয়্যার কোর্স, মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ : ১ মাস থেকে ১ বছর, (৭) মাছ চাষ ও মাছপ্রজনন (পুকুরে ও বায়োফ্লক পদ্ধতিতে), ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন, মেয়াদ ১ মাস। (৮) রঙিন মাছ চাষ, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ আগের মতো। (৯) ভার্মিকম্পোস্ট প্রোডাকশন (কেঁচো সার তৈরি), শিক্ষাগত যোগ্যতার কোনো কড়াকড়ি নেই। মেয়াদ ১ সপ্তাহ। (১০) মাশরুম চাষ, সাক্ষর হলে আবেদন করা যাবে, মেয়াদ ১ সপ্তাহ (১১) অ্যাজোলা কাল্টিভেশন, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ আগের মতো। (১২) প্লাম্বিং, ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন, মেয়াদ ৬ মাস। ভরতির জন্য এখনই যোগাযোগ করতে হবে এই ঠিকানায়- ডিপার্টমেন্ট অফ লাইফলং লার্নিং অ্যান্ড এক্সটেনশন, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী, নদিয়া, পিন-৭৪১২৩৫, ফোন : ৯৮৩০৯৪৫০৯৫/৮৭৭৭৪১২৫৮৩/ ০৩৩-২৫৮০-৮৩৭১।


বিজ্ঞাপন

## ফ্রি কোর্স করিয়ে কেন্দ্র সরকারের নিয়ন্ত্রিত পরিবহন বিভাগে ফুড ইন্সপেক্টর, এটেনডেন্ট রেজিস্টার, ইলেকট্রিশিয়ান ও কুক পদে কয়েক হাজার চাকরি

(মাধ্যমিক পাশ ছেলে-মেয়েদের জন্য)

ইন্ডিয়ান ন্যাশনাল মাল্টি এডুকেশন এর মাধ্যমে কেন্দ্র সরকার নিয়ন্ত্রিত ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টে, বিনামূল্যে সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে কোর্স করে চাকরি করতে পারবেন। এই চাকরির কোর্সগুলির জন্য আবেদন পত্র জমা নেওয়া শুরু হয়েছে অনলাইনের মাধ্যমে। এই ব্যাচের বিজ্ঞপ্তি নম্বর 24/MT-06

**শূন্য পদের নাম :** ফুড ইন্সপেক্টর, এটেনডেন্ট রেজিস্টার, ইলেকট্রিশিয়ান ও কুক। প্রার্থীর নিকটবর্তী ইনস্টিটিউটে কোর্স করার সুযোগ পাবেন। প্রশিক্ষণ কেন্দ্র গুলির তালিকা পাবেন নিচে দেওয়া উল্লেখিত ওয়েবসাইটে। কোর্সের সময়সীমা থাকবে 12 মাস বা 24 মাস (ট্রেড অনুযায়ী), কোর্স সম্পূর্ণ হওয়ার পর স্থায়ী চাকরিতে যোগদান করানো হয়।

**শিক্ষাগত যোগ্যতা :** ন্যূনতম মাধ্যমিক পাস হতে হবে।

**বয়স :** 1লা আগস্ট 2024 হিসাবে 18 থেকে 35 বছরের মধ্যে হতে হবে। তপশিলী এবং ও.বি.সি.'রা বয়সে 5 বছর ও 3 বছর ছাড় পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউ এর মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। নির্বাচিত হলে সবশেষে প্রার্থীর নিজের থানায় পুলিশ ভেরিফিকেশন করানো হবে। পুলিশ ভেরিফিকেশন সফল হওয়ার পর প্রার্থীদের জয়েন লেটার পাঠানো হবে।

**বেতন :** কোর্স চলাকালীন স্টাইপেন পাবেন 5,000 টাকা প্রতি মাসে। তারপর থেকে পাবেন 30,200 টাকা প্রতি মাসে। কোর্স চলাকালীন থাকা ও খাওয়ার সুযোগ সুবিধা পাবেন সম্পূর্ণ ফ্রি তে।

**আবেদন পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে 11-ই আগস্ট 2024 তারিখের মধ্যে এই ওয়েবসাইটে www.inmeboard.org এর মাধ্যমে। যেকোন বিষয়ে সাহায্যের জন্য সরাসরি অফিসে গিয়ে যোগাযোগ করতে পারবেন আমাদের অনুমোদিত কেন্দ্রগুলিতে। পশ্চিমবঙ্গের মধ্যে পাবেন এই ঠিকানায় : (i) সল্টলেক, বিধাননগর, কলকাতা, ফোন নম্বর- 9830726880 (ii) বগুলা-নদীয়া, ফোন নম্বর- 9088455165, এছাড়াও সম্পূর্ণ অনুমোদিত কেন্দ্রগুলির তালিকা (Authorized centre), ঠিকানা, আবেদন মূল্য, সম্পূর্ণ বেতন এবং আরো বিস্তারিত তথ্য পাবেন উপরে উল্লেখিত ওয়েবসাইটে অথবা ফোন করুন আমাদের হেড অফিসের হেল্পলাইন নম্বরে- 022-6962-2245, 9088049721, 8584902385. কল করবেন শুধুমাত্র সকাল 10টা থেকে বিকাল 4 টার মধ্যে শনিবার, রবিবার ও ছুটির দিনগুলো বাদ দিয়ে (সেন্টারের বিস্তারিত বিবরণ জানার জন্য সংশ্লিষ্ট সেন্টারের ফোন নম্বরে হোয়াটসঅ্যাপে Hi লিখুন)।

বিজ্ঞাপন



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি কৃষ্ণনগর ও বহরমপুরে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে: (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO),

**মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর :** Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office).
Ph. : 7602656588, 7001279061.

**বহরমপুর স্টাডি সেন্টার :** 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB.
Ph. : 9064922886, 9733523939.

ওয়েবসাইট : www.sipto.org

ই-মেল : www.sipto19@gmail.com

এখান থেকে পাশ করে চাকরি করছে এমন কিছু ছেলেমেয়ের ছবি দেওয়া হল —


বুদ্ধদেব পাল


গণেশ চন্দ্র পাল


মহঃ সুরজ আলি


প্রশান্ত ভাওয়াল


সঙ্গীতা মাইতি


ত্র্যম্বক কান্তি কর

# বিদেশি ভাষা শেখানোর স্কুল

ব্যবসা

১ পাতার পর




ভাষা শেখেন নিজেদের শখ মেটাতে।

তাই সাধারণভাবে বিদেশি ভাষার শিক্ষার্থী এখন অনেক। বিশেষজ্ঞ শিক্ষক রেখে বিদেশি ভাষা শিখিয়ে ইনস্টিটিউট করতে পারলেও প্রচুর লাভ করা সম্ভব। ভারতে বিদেশি ভাষা শেখার পর বিভিন্ন সংস্থায় মোটা মাইনের কেরিয়ার গড়া যায় এইসব ক্ষেত্রে :

**(১) অনুবাদক :** সংস্থায় মোটা মাইনের দক্ষ অনুবাদক বার্ষিক ৮ লাখ টাকার বেশি আয় করতে পারেন।

**(২) দোভাষী :** দোভাষীরা বিশেষ অভিজ্ঞতা অর্জন করলে প্রতি বছর ৬ লাখ টকা থেকে ১২ লাখ টাকা আয় করতে পারেন।

**(৩) বিদেশি ভাষার শিক্ষক :** স্বনামধন্য প্রতিষ্ঠানের অভিজ্ঞ শিক্ষকরা বার্ষিক ৫ লাখ টাকা থেকে ৮ লাখ টাকা আয় করতে পারেন।

**(৪) ভ্রমণ প্রদর্শক :** অভিজ্ঞ গাইড প্রতি বছর ৬ লাখ টাকা থেকে তারও বেশি আয় করতে পারেন।

**(৫) বিমান সহায়ক :** ফ্লাইট অ্যাটেনডেন্টরা সাধারণত প্রতি বছর ৫ লাখ টাকা থেকে ৭ লাখ টাকা উপার্জন করে।

**(৬) বিদেশি দূতাবাসের কর্মচারী :** দূতাবাসের অভিজ্ঞ কর্মীরা ১৫ লাখ টাকা বা তারও বেশি আয় করতে পারেন।

**(৭) আন্তর্জাতিক কল সেন্টার এজেন্ট :** দক্ষ এজেন্টরা ৫ লাখ টাকা বা তারও বেশি উপার্জন করতে পারেন।

**(৮) আমদানি/রফতানি পেশাদার :** বিশেষজ্ঞরা বার্ষিক ১২ লাখ টাকার বেশি আয় করতে পারেন।

**(৯) বিদেশি ব্যবসায়িক যোগাযোগ :** অভিজ্ঞ যোগাযোগকারীরা প্রতি বছর ১৫ লাখ টাকার বেশি আয় করতে পারেন।

**(১০) ভ্রমণ শিল্প পেশাদার :** কমিশন ও বোনাসের মাধ্যমে বছরে ৭ লাখ টাকা বা তার বেশি রোজগার করতে পারেন।

**কয়েকটি বেশি চাহিদাভুক্ত বিদেশি ভাষা :**

(১) ইংরিজি, (২) ফরাসি, (৩) জার্মান, (৪) স্প্যানিশ, (৫) ইতালীয়, (৬) আরবি, (৭) ম্যান্ডারিন।

**কোন বিদেশি ভাষা শিখলে মাইনে সবচেয়ে বেশি :**

ভারতে চিনা ভাবা, অর্থাৎ চিনা / ম্যান্ডারিন হল ভারতে সর্বাধিক রোজগার করার বিদেশি ভাষা। চিনা ভাষা জানলে সাধারণত বার্ষিক মিলিয়ন প্লাস রুপি পান। ডিসেম্বর মাসে ভারতে চিনা ভাষার চাকরির মাইনে গড়ে প্রতি বছর ১১,৮৯,২৩৪ টাকা।

ম্যান্ডারিন চাইনিজ, স্প্যানিশ, আরবি, ফরাসি ও জার্মান আজ বিশ্বের সবচেয়ে জনপ্রিয় আর চাহিদা থাকা বিদেশি ভাষাগুলির মধ্যে অন্যতম।

**বিদেশি ভাষা শিক্ষার স্কুল শুরু করার কয়েকটি পদক্ষেপ :**

(১) প্রথম পদক্ষেপ বিদেশি ভাষা শিক্ষার নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা আর অভিজ্ঞতা অর্জন করা। TEFL সার্টিফিকেট বিশেষভাবে সাহায্য করে।

(২) দ্বিতীয় পদক্ষেপ হল কীভাবে চালাবেন, তা ঠিক করা। অনলাইন নাকি অফলাইনে। সোজাসুজি স্কুল খুলতে হলে সব বিচার করে জায়গা ঠিক করতে হবে। বিদেশি ভাষা শিক্ষার অনুকূল পরিবেশ থাকা দরকার।

(৩) ঠিক করতে হবে টার্গেট মার্কেট, অর্থাৎ বাচ্চাদের জন্য নাকি বড়োদের জন্য স্কুল। সেইমতো পড়ানোর Context আর Equipment রাখতে হবে।

(৪) ব্যবসার প্ল্যান তৈরি করতে হবে। অর্থনৈতিক ও ভবিষ্যত লক্ষ্য বা মুনাফার জন্য ব্যবস্থা।

(৫) Curriculum ডিজাইন করতে হবে। ELL's program সহজে Curriculum ডিজাইন করে।

(৬) শিক্ষা পদ্ধতির যাবতীয় সরঞ্জাম / Projectors, Boards, Markers, Updated Language Text Books ইত্যাদি।

(৭) এমন শিক্ষক ও কর্মী নিয়োগ করা, যাঁদের নির্দিষ্ট সার্টিফিকেট আছে ও বিদেশি ভাষা শেখানোর প্রচুর অভিযোগ আছে।

(৮) মার্কেটিং। নির্দিষ্ট Target Audience এর কাছে পৌঁছানো এইসব মাধ্যমে : (১) ওয়েবসাইট তৈরি করে, (২) সোশ্যাল মিডিয়ায়, যেমন Facebook, Linkedin, Twitter ও Instagram এর মাধ্যমে, (৩) বিভিন্ন পত্রিকায় বিজ্ঞাপন করে।

**ভাষা শিক্ষার ৫টি স্তর কী কী :**

আমেরিকান কাউন্সিল অন দ্য টিচিং অফ ফরেন ল্যাঙ্গুয়েজ (ACTFL) স্কেলে ৫টি দক্ষতার স্তর রয়েছে :

(১) নবীন, (২) মধ্যবর্তী, (৩) উন্নত, (৪) উচ্চতর ও (৫) বিশিষ্ট।

**কোন ভাষা শিখলে বেশি লাভ হয় :**

ম্যান্ডারিন চাইনিজ।

যদিও উৎপাদন আর সরবরাহের পাশাপাশি পর্যটন হল আরেকটি দুর্দান্ত শিল্প, যেখানে আপনি ম্যান্ডারিন ব্যবহার করতে পারেন। চিনের জনসংখ্যা আর অর্থনীতি বছরের পর বছর ধরে বাড়ছে। আর প্রতি বছর লাখ লাখ ম্যান্ডারিনভাষী বিশ্বের বাকি অংশ দেখতে বিদেশে যান।

**কলকাতায় কয়েকটি বিদেশি ভাষা শিক্ষার প্রতিষ্ঠান :**

(১) চিনা ভাষার স্কুল (ঝংওয়েন) - Zhongwen. ১৯০, তৃতীয় তলা, শরৎ বোস রোড, কলকাতা। ফোন : ৭৫৯৬০১১৭৮৩/৪/৫।

(২) নিলি জাপানিজ-এ জাপানিজ। ৮২, কালী কুমার মজুমদার রোড, সুবোধপার্ক সন্তোষপুর। ফোন : ৯৯০০৩ ২৮০৪৪।

(৩) স্প্যানিশ স্টাডি সেন্টার - দমদম ও সল্টলেক।

**কোন বিদেশি ভাষার কোর্স করা উচিত :**

জনপ্রিয় বিদেশি ভাষা কোর্স হল : BA Foriegn Languages, BA Spanish, BA French ইত্যাদি। এইসব কোর্স পড়তে হলে উচ্চমাধ্যমিকে ৪৫% নম্বর পেতে হবে। এইসব কোর্স কলকাতা বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, দিল্লি বিশ্ববিদ্যালয়তেও করা যেতে পারে। Henry Harvin Asia Pacific Head Office, হেনরি হারভিন হাউজ, বি-১২ সেক্টর-৬, নয়ডা-২০১৩০১ একটি বিশ্ববিখ্যাত স্প্যানিশ ভাষা শিক্ষার প্রতিষ্ঠান, যেখানে ৬টি স্তরে A1, A2, B1, B2, C1 আর C2 শিক্ষা দেওয়া হয় আর সার্টিফিকেটও দেওয়া হয়।

**উপসংহার :**

বিদেশি ভাষা শেখানোর ব্যবসা অত্যন্ত সম্মানীয় ও লাভজনক। তবে এ ব্যবসা সকলের জন্য নয়। এ ব্যবসায় দরকার সপ্রতিভতা, শিক্ষাদীক্ষা, যোগাযোগ ও নিষ্ঠা। মার্কেট রিসার্চ করে লোকেশন নির্ধারণ করা দরকার। প্রথমে ইংরিজি ভাষা শিক্ষা দিয়ে শুরু করে ধাপে ধাপে ভাষার সংখ্যা বাড়ানো উচিত। প্রচেষ্টা থাকলে ব্যবসায় সাফল্য আসবেই।

## চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

# ব্যাঙ্কের প্রবেশন অফিসার পদে কীভাবে চাকরি পেলাম



**পরিচয় প্রামাণিক**
**সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার**
**পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক**
**মাথাভাঙ্গা শাখা**

কোচবিহারের মাথাভাঙ্গার ছেলে আমি। বাবা ছিলেন স্কুল শিক্ষক। স্থানীয় স্কুল থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশ করার পর বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি ইনস্টিটিউট অফ টেকনোলজি থেকে ২০১১ সালে ইলেকট্রনিক্স ও ইনস্ট্রুমেন্টেশন নিয়ে বি টেক কোর্স পাশ করি। ইচ্ছে ছিল ইঞ্জিনিয়ারিং শাখায় চাকরি করার। কিন্তু ওই সময়ে ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে চাকরির বাজারে মন্দা শুরু হয়। লোক নেওয়া কমে যায়। আমাদের কলেজ ক্যাম্পাসেও তেমন চাকরির সুযোগ পাওয়া যাচ্ছিল না। সেজন্য ওই বছরই জীবিকার খোঁজে কলকাতায় যাই। যাদবপুরে এক মেসে থেকে রেল, ব্যাঙ্ক, সেন্ট্রাল স্টাফ সিলেকশন কমিশন, ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন-সহ রাজ্যের প্রায় সব ধরনের পরীক্ষায় টেকনিক্যাল ও নন টেকনিক্যাল পদে আবেদন করি। ওই সময়ে প্রায় প্রতি রবিবার পরীক্ষায় বসতাম। অন্তত ১০ থেকে ১৫টা পরীক্ষা দিই। তার মধ্যে কোয়ালিফাই করি আইবিপিএস'এর ক্লার্ক ও রিজিওনাল রুরাল ব্যাঙ্কের অফিসার র‍্যাঙ্ক ও আইবিপিএস-এর প্রবেশন অফিসার পদে। শেষ পর্যন্ত আইবিপিএস-এর প্রবেশন অফিসার পদে চাকরি নিই। দরখাস্ত করেছিলাম আইবিপিএস-এর ২০১২ সালের বিজ্ঞপ্তি দেখে। নানা ধরনের পরীক্ষার জন্য তৈরি হচ্ছিলাম বলে আলাদাভাবে এই পরীক্ষার জন্য চাপ নিতে হয়নি। মেসের বন্ধুদের সঙ্গে নিয়মিত গ্রুপ ডিসকাশন করতাম। নানা বিষয়ের বাজার চলতি বইয়ের পাশাপাশি নিয়মিত পড়তাম 'কর্মসংস্থান'। এই পত্রিকায় বেরোনো সেট দেখে অনুশীলন করে উপকৃত হয়েছি। দিনের মধ্যে অন্তত ১০ থেকে ১২ ঘণ্টা নিয়মিত অনুশীলন করতাম। বন্ধুদের সঙ্গে আড্ডা দিয়ে কোনোদিন বাজে সময় নষ্ট করিনি। একটাই লক্ষ্য ছিল, যেমন করে হোক একটা সরকারি চাকরি পেতে হবে।

প্রার্থী বাছাইয়ের জন্য ৩টি পর্যায়ের পরীক্ষা নেওয়া হয়। প্রথম পর্যায়ে অবজেক্টিভ মাল্টিপল চয়েজের ২০০ নম্বরের পরীক্ষায় ছিল এইসব বিষয় : ইংলিশ (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), টেস্ট অফ রিজনিং (৫০ নম্বর) আর কম্পিউটার বেসড ব্যাঙ্কিং সিস্টেম (৫০)। সেবারই ওএমআর শিটে শেষ পরীক্ষা নেওয়া হয়। এরপর থেকে অনলাইন পরীক্ষা শুরু হয়। দ্বিতীয় পর্যায়ে নেওয়া হয় ১০০ নম্বরের ডেসক্রিপ্টিভ ইংরিজি বিষয়ের পরীক্ষা। লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর নেওয়া হয় ইন্টারভিউ। বোর্ডে ছিলেন ৪-৫ জন সদস্য। আমাকে ব্যাঙ্কিং সংক্রান্ত প্রশ্ন করা হয় ও শেষে নিজের জেলা নিয়ে প্রশ্ন করা হয়। সব প্রশ্নের উত্তর দিতে পারায় চাকরি পাওয়ার ব্যাপারে আত্মপ্রত্যয়ী ছিলাম।

চূড়ান্ত তালিকা তৈরি হয় মেধার ভিত্তিতে। এই পরীক্ষার ফল বেরোয় ২০১৩ সালের প্রথম দিকে। ওই বছরের জুন মাসে পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের দিনহাটা শাখায় প্রবেশন অফিসার পদে যোগ দিই। এরপর বদলি হয়ে যাই জলপাইগুড়ি আর অসমের শিলচরে। ২০২৩ সালে কোচবিহারের মাথাভাঙ্গা শাখায় আসি। এখন আমি সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার পদে রয়েছি।

অভিজ্ঞতার ভিত্তিতে বলতে চাই, চাকরিপ্রার্থীদের গতানুগতিক ভাবনা থেকে বেরিয়ে আসতে হবে। এ রাজ্যের বেশিরভাগ ছেলেমেয়ের লক্ষ্য স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে স্কুলের চাকরি। শুধু এই চাকরির আশায় বসে থাকলে চলবে না। এ রাজ্যে নানা ক্ষেত্রে লোক নেওয়া না হলেও চাকরি থমকে নেই। সর্বভারতীয় পরীক্ষার মাধ্যমে লোক নেওয়া হচ্ছে। তাই নজর দিতে হবে ওইসব পরীক্ষায়। যে কোনো চাকরির পরীক্ষায় মূল বিষয় থাকে ইংরিজি আর অঙ্ক। আর এই ২টি বিষয়েই আমরা ভয় পাই। সেই ভয় জয় করতে হবে। ইংরিজিতে ভিত তৈরি করতে জোর দিতে হবে গ্রামারে। নিয়মিত প্যারাগ্রাফ পড়ে তার থেকে প্রশ্নোত্তর তৈরি করে এগোলে উপকার পাওয়া যাবে। ইংরিজিতে লেখার দক্ষতা বাড়াতে হবে। স্কুলের অঙ্কের সঙ্গে চাকরির পরীক্ষার অঙ্কের আকাশ পাতাল পার্থক্য থাকে। এখানে খুব দ্রুত ও নির্ভুল উত্তর লিখতে হয়। চটপট উত্তর লেখার কৌশল রপ্ত করা যায় ধারাবাহিক অনুশীলনের মাধ্যমে। এখন চাকরির পরীক্ষায় প্রস্তুতির জন্য নানা জায়গায় নিখরচায় অনলাইন কোচিংয়ের সাহায্য পাওয়া যায়। এ সবের সাহায্য নিতে পারেন। সবার আগে দরকার মন থেকে নেতিবাচক চিন্তা দূর করা।

## কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত SIASTM-এ

# কৃষিবিজ্ঞান কোর্স করার পর অফুরন্ত চাকরির সুযোগ

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম। দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : (১) ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি। সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (২) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্‌থ ম্যানেজমেন্ট। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। (৪) সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন। সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

উল্লেখযোগ্য বিষয় : (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা।

ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ : Susrijo Institute of Agricultural Science, Technology and Management – মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101. Ph.: 9832015253, 8250155379, 6290698667.

কল্যাণী স্টাডি সেন্টার : B-15/54, Kalyani, P.O & P.S Kalyani, Nadia. Ph. : 9830781967.

Web : www.siastm.org Email : siastm2020@gmail.com

# পশ্চিমবঙ্গ সরকার
## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

## রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WBJEE / NEET - 2025 এর প্রশিক্ষণ

দ্বাদশ শ্রেণী (Class XII) বিজ্ঞান বিভাগে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত 60% (SC) / 50% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ : 3,00,000/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra Sir R.N Mukherjee High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | 24 Parganas (South) | Canning | David Sassoon High School | 9832589036 |
| 8 | 24 Parganas (South) | Namkhana | Narayan Vidyamandir High School | 87775 01865 |
| 9 | Bankura | Bankura Town | Bankura Girl's High School | 8436909827 |
| 10 | Bankura | Khatra | Khatra Girl's High School | 9932441044 |
| 11 | Bankura | Bishnupur | Bishnupur High School | 9064983267 |
| 12 | Howrah | Bagnan | Bagnan Girl's High School | 8697803520 |
| 13 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 9635238730 |
| 14 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9076903496 |
| 15 | Purba Bardhaman | Ambika Kalna | Kalna Maharaja High School | 6295333698 |
| 16 | Purba Bardhaman | East Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 17 | Purba Bardhaman | Katwa | Katwa Kashiram Das Institution | 7602707070 |
| 18 | Pashchim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 19 | Pashchim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 20 | Paschim Medinipur | Sabang | Sabang Saradamoyee High School | 9732208125 |
| 21 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra Siksha Sadan | 8250633799 |
| 22 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 23 | Purulia | Purulia Town | Chittaranjan Boy's School | 7601803873 |
| 24 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 8906209845 |
| 25 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 26 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 27 | Birbhum | Rampurhat | Rampurhat J L vidyabhaban | 8637330055 |
| 28 | Coochbehar | Coochbehar Town | Jenkins School | 8597656655 |
| 29 | Cooch Behar | Dinhata | Dinhata Soni Devi Jain High School | 8370840256 |
| 30 | Cooch Behar | Mathabhanga | Mathabhanga High School | 9775141222 |
| 31 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 32 | Uttar Dinajpur | Islampur | Islampur High School (Boy's) | 8535825379 |
| 33 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 34 | Darjeeling | Siliguri Town | Siliguri Boy's High School | 8918639742 |
| 35 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall, Office of the DM Darjeeling | 9609700422 |
| 36 | Jalpaiguri | Jalpaiguri Town | Jalpaiguri Higher Secondary School | 8391935711 |
| 37 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 38 | Jalpaiguri | Dhupguri | Bairatiguri High School (Hs) | 8436813588 |
| 39 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 40 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 41 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 42 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 43 | Nadia | Kalyani | Kalyani University Experimental High School | 9903740075 |
| 44 | Nadia | Ranaghat | Ranaghat Debnath Girl's High School | 7029321302 |
| 45 | Murshidabad | Jangipur | Jangipur High School | 9002415171 |
| 46 | Murshidabad | Berhampore | Gorabazar Ishwar Chandra Institution | 9433555999 |
| 47 | Kolkata | Jodhpur Park | Jodhpur Park Boy's High School | 6291691563 |
| 48 | Hooghly | Arambag | Sub-Divisional Library, Arambag | 8509749123 |
| 49 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 9093254101 |
| 50 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls Primary School | 9732628739 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in Website - এ পাওয়া যাবে।
আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র জমা করতে হবে। অথবা Online এ আবেদন করতে হবে : - www.wbbcdev.gov.in

**Results of 2022 & 2023**

Total rankers: 2063 out of 2880 candidates taken on board IIT-9, IIIT-5, NIT-14, MBBS / BDS-34, Jadavpur University-31

প্রশিক্ষণ রূপায়ণে ncsm | **Head Office:** Beliaghata, Kolkata - 700105 www.ncsm.co.in | Helpline:- 9903740075 / 91239 06966

# এবার আসছি আমরা নদীয়ার কল্যাণীতে

এবছর মাধ্যমিক / H.S. দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

## এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

## ২৭ ও ২৮ জুলাই, ২০২৪ (শনি ও রবিবার)

দ্যা গ্র্যান্ড আরিয়ানস হোটেল, কল্যাণী স্টেডিয়াম, কল্যাণী

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

চাকরির খোঁজখবরের জন্য বিশেষ কাউন্সেলিং

বিনামূল্যে প্রবেশ

উপস্থাপনায় :

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

আকর্ষণীয় গিফট

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Title Sponsor : ncsm NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

Co-sponsor : KALYANI Reliable NEET | IIT-JEE | FOUNDATION | CUET

Career Development Service Provider

বিশদে জানতে ফোন করুন : 6291684943

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পুলিশে চাকরির

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? আগস্টে পরীক্ষা হবে কি? — নূর জামাল সেখ, উজনা, ঝিকরা, পূর্ব বর্ধমান।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে সেপ্টেম্বরের মধ্যে পরীক্ষা হতে পারে।

■ *দিল্লি পুলিশে কনস্টেবল ও লেডি কনস্টেবল এক্সিকিউটিভ পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — পার্থ দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। শুভঙ্কর পাল, উত্তর দিনাজপুর।*

■■ যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ছেলেদের বেলায় মোটর সাইকেল বা, মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (LMV) থাকতে হবে। লার্নিং ড্রাইভিং লাইসেন্স থাকলে যোগ্য নন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি, বুকের ছাতি হতে হবে না-ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি। তপশিলী উপজাতি ও পার্বত্য এলাকার বাসিন্দারা বুকের ছাতিতে ৪ সেমি ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দু'চোখে ৬/১২। ভালো স্বাস্থ্য ও রোগমুক্ত শরীর থাকতে হবে। শরীরে কোনো কঠিন রোগ থাকলে যোগ্য নন।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে ৪০০ রাইফেলম্যান পদের জন্য দরখাস্ত নেওয়া হবে বলে জানানো হয়েছিল। কবে দরখাস্ত নেওয়া শুরু হবে? — মুজিবর রহমান, বোদাই, আমডাঙা, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো বিজ্ঞপ্তি বেরোয়নি। তবে ওই শূন্যপদ পূরণ করা হবে। এবছরই বিজ্ঞপ্তি বেরোবে।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষা কবে হবে? এই পরীক্ষায় কত দরখাস্ত জমা পড়েছে? শূন্যপদ কত আছে? — নির্মল দাস, উত্তরপাড়া, হুগলি। রোহিত বিশ্বাস, অশোকনগর, উত্তর২৪ পরগনা।*

■■ ক্লার্কশিপ পরীক্ষা হবে ১৬ ও ১৭ নভেম্বর। এই পরীক্ষার জন্য দরখাস্তকারীর সংখ্যা ৭,১৪,৪১৩ জন। শূন্যপদের সঠিক সংখ্যা পি.এস.সি. এখনো ঘোষণা করেনি। তবে প্রায় ৫ হাজারের কাছাকাছি শূন্যপদ আছে।

■ *২০২৩ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? কত প্রার্থী দরখাস্ত করেছে? — কাজল দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা। মৃত্যুঞ্জয় বসাক, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ ২০২৩ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষা হবে ১৫ সেপ্টেম্বর। এই পরীক্ষার জন্য এবার দরখাস্ত করেছে ২,৫৪,৩৯৪ জন প্রার্থী।

■ *পঞ্চায়েত অফিসার ও অডিট অফিসার পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? সর্বাধিক বয়স কত থাকতে হবে? — রণধীর দাস, রিষড়া, হুগলি।*

■■ পঞ্চায়েতে অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার বিজ্ঞপ্তি প্রতি বছর বেরোয় না। শেষ বিজ্ঞপ্তি বেরিয়েছিল ২০১৬ সালে। সাধারণত অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার জন্য বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে।

## প্রাইমারির

■ *২০২২ সালের প্রাইমারি 'টেট'এর ইন্টারভিউয়ের বিজ্ঞপ্তি কবে বেরোবে? ২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল বেরোলে দু'টি পরীক্ষার ইন্টারভিউ কি একইসঙ্গে হবে? — মিলন পাখিরা, দৌলতপুর, আরামবাগ, হুগলি।*

■■ ২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল পুজোর আগে বেরোনোর সম্ভাবনা আছে। সম্ভবত ২০২২ ও ২০২৩ সালের 'টেট' পাশ প্রার্থীদের একইসঙ্গে ইন্টারভিউ হবে। এবছরের শেষের দিকে ইন্টারভিউ হওয়ার সম্ভাবনা আছে।

■ *২০২২ সালে 'টেট' পাশ করেছি। ২০১৭ সালে ও.বি.সি.-বি ক্যাটেগরির সার্টিফিকেট পেয়েছি। আদালতের রায়ে ২০১০ সাল থেকে সব ও.বি.সি. সার্টিফিকেট বাতিল হয়েছে। তাহলে ইন্টারভিউয়ের সময় অসুবিধা হবে কি? ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাব কি? — মধুরিমা মণ্ডল, সরিষা, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ আদালতের রায়ে ও.বি.সি. সার্টিফিকেট বাতিল হয়েছে। তাই এই মুহূর্তে ওই ও.বি.সি. সার্টিফিকেট বৈধ নয়। তাই ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ এখন পাবেন না। আদালতের পরবর্তী আদেশ না আসা পর্যন্ত অপেক্ষা করতে হবে।

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? আই.টি.আই. পাশ থাকা কি বাধ্যতামূলক? — বাবুলাল হাঁসদা, দীপক মুদি, বাজিতপুর, পাথাই, বীরভূম। সুখেন্দু ঘোষ, মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলে গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি বেরোবে এবছর পুজোর পর। এই পদের জন্য যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। আই.টি.আই. পাশ হওয়া বাধ্যতামূলক নয়।

■ *এম.এ. কোর্সে ৫৮% নম্বর পেয়েছি। কিন্তু ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই। রেলের টিকিট কালেক্টর পদের জন্য দরখাস্ত করতে পারব কি? — শেখ মহম্মদ, বেদিয়া, পূর্ব বর্ধমান।*

■■ না, পারবেন না।

■ *আই.টি.আই. পাশের পর ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ করেছি। স্টাফ সিলেকশন কমিশনের জুনিয়র ইঞ্জিনিয়ার, রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পদের জন্য দরখাস্ত করতে পারব কি? — আফ্রিদি নস্কর, রামনগর, উত্তরভাগ, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *বিভিন্ন সোশ্যাল মিডিয়াতে দেখা যাচ্ছে, রেলের টেকনিশিয়ান পদে ৯,১৪৪টি শূন্যপদ থেকে বেড়ে ৩০,৩৬৫টি শূন্যপদ হয়েছে। এটি কি সত্য খবর? — নগেনচন্দ্র বর্মন, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুর।*

■■ শূন্যপদ কিছুটা বাড়বে। তবে এ বিষয়ে রেল রিক্রুটমেন্ট বোর্ড এখনো শূন্যপদ বাড়ানোর বিজ্ঞপ্তি দেয়নি।

## মাদ্রাসা সর্ভিসের

■ *২০১০ সালের মাদ্রাসার গ্রুপ-ডি পদের পরীক্ষার ফল কবে বেরোবে? — আরাবুল মল্লিক, বাগপুকুর, জাফরপুর, মাটিয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ এই পদের ওপর সম্প্রতি হাই কোর্ট ফল বের করার নির্দেশ দিয়েছে। খুব শিগগিরই ফল প্রকাশ হওয়ার সম্ভাবনা আছে।

■ *মাদ্রাসা সার্ভিস কমিশনের যে পরীক্ষা ৩ মার্চ হল, তার ফল কবে বেরোবে? — সোয়েল রানা, মুর্শিদাবাদ।*

■■ ফল বেরোতে দেরি আছে।

## কোর্স ও ট্রেনিং

■ *সরকারি ডি.এল.এড. কলেজে তপশিলী প্রার্থীদের জন্য ক'টি সীট সংরক্ষিত থাকে? কত শতাংশ নম্বর পেলে তপশিলীরা সুযোগ পাবে? — দেবজিৎ মজুমদার, মাঝিগ্রাম, পূর্ব বর্ধমান।*

■■ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে তপশিলী জাতির প্রার্থীদের জন্য ২২% আর তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৬% সীট সংরক্ষিত থাকে। ৭০-৮০% নম্বর পেলে সরকারি ডি.এল.এড. কোর্সে তপশিলী প্রার্থীরা সুযোগ পেতে পারে। তবে এই শতকরা হার প্রতিবার সমান থাকে না, কম-বেশি হতে পারে।

■ *সরকারি ডি.এল.এড. কলেজে কত শতাংশ নম্বর পেলে সুযোগ পাওয়া যায়? — অভিজিৎ মেটে, নোয়ানগর, সরস্বতী বাজার, বীরভূম।*

■■ উচ্চমাধ্যমিকে ৯০-৯৬% নম্বর পেয়ে থাকলে সুযোগ পেতে পারেন।

■ *এন.এস.ও.ই.উ. থেকে ডিস্ট্যান্সে ডিগ্রি কোর্স পাশ করার পর রেগুলারে এম.এ. কোর্স করা যায় কি? — অনিমেশ বিশ্বাস, ধুবুলিয়া, নদিয়া।*

■■ হ্যাঁ, করা যায়।

## অন্যান্য চাকরির

■ *গ্রামীণ ডাক সেবক পদে কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে? — শুভঙ্কর দাস, পশ্চিম মেদিনীপুর।*

■■ এখনো ঠিক হয়নি।

■ *২০২৩ সালের ২৭ আগস্ট গ্রামীণ লাইব্রেরির পরীক্ষা হয়েছিল প্রায় ২২টি জেলায়। এর মধ্যে ১১টি জেলার ফল বেরিয়ে নিয়োগও হয়েছে। হুগলি জেলার ফল এখনো বেরোয়নি। কবে বেরোবে? — গার্গী ঘোষ, আরামবাগ, হুগলি।*

■■ ১১টি জেলার পর আরো কয়েকটি জেলার ফল বেরিয়েছে। যেসব জেলার ফল বেরোয়নি, তাঁরা সরাসরি জেলা শাসকের অফিসে যোগাযোগ করুন।

■ *রাজ্য পরিবহণ দফতরের বিজ্ঞপ্তি কবে বেরোবে? কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ কোন পদের জন্য জানতে চাইছেন, সেটি উল্লেখ করেননি। পরিবহণ দফতরে ড্রাইভার, কন্ডাক্টর, মেকানিক, ক্যাশিয়ার, সুপারভাইজর ইত্যাদি পদে লোক নেওয়া হয়। ড্রাইভার পদের জন্য এইট পাশ ও গাড়ি চালানোর অভিজ্ঞতা দরকার। কন্ডাক্টর পদের জন্য মাধ্যমিক পাশ ও কন্ডাক্টর লাইসেন্স থাকতে হবে। মেকানিক পদের জন্য মাধ্যমিক ও আই.টি.আই. পাশ হতে হবে।

■ *কলকাতা মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সাব-ওভারসীয়র পদের অ্যানসার কী প্রকাশ করেছে কমিশন। তাহলে ফল কবে বেরোবে? — রঞ্জু ঘোষ, আড়ংঘাটা, নারায়ণপুর, নদিয়া। সৌমিত্র চ্যাটার্জী, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

■■ ফল শিগগিরই বেরোবে।

■ *ফিলোজফিতে মাস্টার ডিগ্রি করে ইংরিজিতে 'নেট' পরীক্ষা দেওয়া যায় কি? — বেনুসাহা চক্রবর্তী, টালিগঞ্জ, কলকাতা।*

■■ না।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.pollcewb.gov.in |
| সেনাবাহিনীতে নার্সিং কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক, | ২২০ | - | www.joinindianarmy.nic.in |
| বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু | উচ্চমাধ্যমিক | - | ২৮-৭-২৪ | https://agnipathvayu.cdac.in |
| দামোদর ভ্যালি কর্পোরেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা ইঞ্জিনিয়ার | ৬৪ | ৪-৭-২৪ | www.dvc.gov.in |
| সরকারি প্যারামেডিক্যাল কোর্সে ভরতি | উচ্চমাধ্যমিক | - | ১৮-৭-২৪ | www.smfwb.in |
| উত্তর-পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, আই.টি.আই. | ১,১০৪ | ১১-৭-২৪ | www.ner.indianrailways.gov.in |
| কটন কর্পোরেশনে ট্রেনি, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ২১১ | ২-৭-২৪ | www.cotcorp.org.in |
| চন্দা অর্ডন্যান্স ফ্যাক্টরিতে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ১৪০ | ২০-৭-২৪ | https:ddpdoo.gov.in |
| কোস্ট গার্ডে নাবিক, যান্ত্রিক | উচ্চমাধ্যমিক | ৩২০ | ৩-৭-২৪ | www.joinindiancoastguard.cdac.in |
| উত্তর ২৪ পরগনা জেলা স্বাস্থ্য দফতরে অ্যাসিস্ট্যান্ট | নার্সিং যোগ্যতা | ৩৯৫ | ৫-৭-২৪ | www.north24parganashealth.org |
| কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে অফিসার . | গ্র্যাজুয়েট | ১৭,২৭ | ২৪-৭-২৪ | www.ssc.nic.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-I পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-II ও III (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| নার্সিং (ANM & GNM) কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা | ১৪ জুলাই | www.wbjeeb.in |
| CSIR-UGC-নেট পরীক্ষা | ২৫, ২৬, ২৭ জুলাই | www.nta.ac.in |
| NTA -UGC NET পরীক্ষা | ২১ আগস্ট থেকে ৪ সেপ্টেম্বর | https://ugcnet.nta.nic.in |
| C-TET-এর পরীক্ষা | ৭ জুলাই | www.ctet.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | আগস্টে | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | জুলাই-আগস্টে | www.wbpsc.gov.in |
| DSSSB-এর PGT পরীক্ষা | ১৫-২১ জুলাই | http://dsssbonline.nic.in |
| SSC-CHSL-পরীক্ষা | ১-১১ জুলাই | www.ssc.nic.in |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা | জুলাই-আগস্ট | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ
# এক নজরে

**গত সপ্তাহের পর**

**২৩ এপ্রিল** : 'আলিগড় মুসলিম ইউনিভার্সিটি'র প্রথম মহিলা উপাচার্য হিসাবে নিযুক্ত হলেন অধ্যাপিকা নাইমা খাতুন।

❑ ২০২১ সালে 'কলিঙ্গ ইনস্টিটিউট অফ সোশ্যাল সায়েন্স'এর মর্যাদাপূর্ণ 'মানবিক পুরস্কার'এ ভূষিত হলেন বিশিষ্ট শিল্পপতি তথা জনহিতৈষী রতন টাটা। 'টাটা গোষ্ঠী'র চেয়ারম্যান এমেরিটাস তিনি। মুম্বইয়ে, তাঁর ব্যক্তিগত বাসভবনে একটি সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়। সামাজিক উন্নয়ন ও দৃষ্টান্তমূলক ব্যবসায়িক নেতৃত্বের স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ ইজরায়েলের হামলায় গাজার হাজারো মানুষের মৃত্যু ও স্বজনদের আর্তনাদের চিত্র তুলে ধরে, এবছর মর্যাদাপূর্ণ 'বর্ষসেরা ওয়ার্ল্ড প্রেস ফটো'র পুরস্কার পেলেন 'রয়টার্স'এর ফটোগ্রাফার মোহাম্মদ সালেম। ছবিটিতে দেখা যাচ্ছে, হাসপাতালের মর্গে হাঁটু গেড়ে বসে কোলে কাফনে মোড়ানো শিশুর লাশ জড়িয়ে ধরে কাঁদছেন এক প্যালেস্তাইনি মহিলা। যুদ্ধবিধ্বস্ত গাজার দক্ষিণে খান ইউনিসের নাসের হাসপাতালের মর্গের ওই ছবি মোহাম্মদ সালেম তুলেছিলেন ২০২৩ সালের ১৭ অক্টোবর। ওই হাসপাতালের মর্গে স্বজনদের লাশ খুঁজছিলেন প্যালেস্তাইনিরা। সে সময় ৩৬ বছর বয়সি মহিলা ইনাস আবু মামার মর্গে তাঁর ভাতিজিকে জড়িয়ে ধরে ফুঁপিয়ে কাঁদছিলেন। ইজরায়েলের বোমা বর্ষণে নিহত ৫ বছরের ওই শিশু সেলির মরদেহ ছিল কাফনে মোড়া।

❑ পেশাদার স্কোয়াশ থেকে অবসরের কথা ঘোষণা করলেন সৌরভ ঘোষাল। তবে, পেশাদার স্কোয়াশ থেকে অবসরের সিদ্ধান্ত নিলেও, দেশের হয়ে আরও কিছুদিন খেলবেন তিনি। দেশের প্রথম খেলোয়াড় হিসাবে পেশাদার স্কোয়াশ সংস্থার ক্রমতালিকায় প্রথম দশে জায়গা করে নিয়েছিলেন তিনি। ২০১৯ সালের ১০ এপ্রিল তিনি দশ নম্বরে উঠে আসেন। ৬ মাস সেই জায়গা ধরে রেখেছিলেন তিনি। মোট ১০ বার পিএসএ খেতাব জিতেছেন সৌরভ।

❑ রোয়িংয়ে, ভারতের প্রথম ক্রীড়াবিদ হিসাবে এবছর 'প্যারিস অলিম্পিক্স'এর কোটা নিশ্চিত করলেন বলরাজ পানওয়ার। দক্ষিণ কোরিয়ার চুংজুতে, 'বিশ্ব এশিয়া-ওশেনিয়া অলিম্পিক ও প্যারালিম্পিক কোয়ালিফিকেশন' প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলস স্কাল ইভেন্টে তৃতীয় স্থান অর্জন করেছেন তিনি। ২০০০ মিটার রেসে তৃতীয় স্থান অর্জনের জন্য ৭ : ০১.২৭ মিনিট সময় নেন তিনি। ভারতীয় সেনাবাহিনীর পার্সোনেল বলরাজ।

**২৫ এপ্রিল** : শরণার্থীদের আফ্রিকার দেশ রুয়ান্ডা পাঠাতে বিল পাস করল যুক্তরাজ্য। এই বিলের পক্ষে ভোট পড়েছে ৩১৭টি ও বিপক্ষে ভোট পড়েছে ২৩৭টি। এছাড়া, বিলে রুয়ান্ডাকে নিরাপদ দেশ হিসাবেও চিহ্নিত করা হয়েছে। তবে, নথিপত্রবিহীন শরণার্থীদের রুয়ান্ডা পাঠিয়ে দেওয়ার বিষয়ে বিরোধিতা করেছে একাধিক মানবাধিকার সংগঠন। প্রসঙ্গত উল্লেখ্য, 'ইংলিশ চ্যানেল' পার হয়ে যাঁরা অবৈধভাবে যুক্তরাজ্যে যাচ্ছেন, তাঁদের মধ্যে থেকে কিছু শরণার্থীকে রুয়ান্ডায় পাঠানোর পরিকল্পনা করে যুক্তরাজ্য সরকার। ২০২২ সালের এপ্রিলে রুয়ান্ডার সঙ্গে যুক্তরাজ্যের ৫ বছর মেয়াদি একটি চুক্তিও হয়। এই চুক্তির আওতায়, ৫ বছরে যুক্তরাজ্যে আসা শরণার্থীদের জায়গা দেবে রুয়ান্ডা। এর বিনিময়ে রুয়ান্ডাকে অর্থনৈতিক উন্নয়নের জন্য সহায়তা দেওয়ার ব্যাপারে সম্মত হয় যুক্তরাজ্য। পাশাপাশি শরণার্থীদের পুনর্বাসন বাবদ বাড়তি অর্থ পরিশোধের প্রতিশ্রুতিও দেয় যুক্তরাজ্য। ২০২২ সালের জুনে শরণার্থীদের নিয়ে প্রথম ফ্লাইটটি রওনা করার কথা থাকলেও, শেষ মুহূর্তে ইউরোপীয় মানবাধিকার আদালতের এক আদেশে তা বাতিল হয়ে যায়।

**২৬ এপ্রিল** : ভারতে এই প্রথম কর্মী হিসাবে প্রজ্ঞা মিশ্র'কে নিয়োগ করল ওপন এআই। ওপন এআই হল স্যাম অল্টম্যান পরিচালিত কৃত্রিম বুদ্ধিমত্তা সংক্রান্ত প্ল্যাটফর্ম। ভারতে এই সংস্থার পাব্লিক পলিসি অ্যাফেয়ার্স ও পার্টনারশিপের প্রধান হিসাবে নিয়োগ করা হয়েছে তাঁকে। এর আগে, 'ট্রুকলার'এর পাব্লিক অ্যাফেয়ার্সের ডিরেক্টর পদে কাজ করেছেন প্রজ্ঞা। সেই পদে থাকার সময় একাধিক সরকারি মন্ত্রক, উদ্যোগপতি, মিডিয়া পার্টনার ও আরও নানা গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির সঙ্গে যোগাযোগ রক্ষা করেছেন তিনি।

❑ বিশ্বের সবথেকে ছোট ভাষার এআই মডেল 'ফি-৩-মিনি' আনল 'মাইক্রোসফট'। সংস্থাটি 'ফি-৩'কে উন্মুক্ত এআই মডেলের একটি পরিবার হিসাবে বর্ণনা করেছে, যা অত্যন্ত সক্ষম ও কম বাজেটের ছোট ভাষা মডেল। এই ছোট ভাষার মডেলগুলির বিকাশ ও পরিচালনা করতে কম খরচ হয় ও তারা স্মার্টফোন ও ট্যাবলেটের মতো ছোট ডিভাইসগুলিতেও ভালো কার্য সম্পাদন করতে পারে। এই 'ফি-৩-মিনি'র প্যারামিটার মাত্র ৩.৮ বিলিয়ন। এই মডেলটি ভাষা, কোডিং, লজিক ও গণিতের মতো বিভিন্ন মানদণ্ডে তার একই আকারের ও বড় আকারের মডেলগুলির থেকে ভালো পারফর্ম করেছে বলে জানা গেছে। এটি 'মাইক্রোসফট অ্যাজুরে এআই স্টুডিও', 'হাগিং ফেস' ও 'ওল্লামা'র মতো এআই ডেভেলপমেন্ট প্ল্যাটফর্মে পাওয়া যাবে। প্রসঙ্গত উল্লেখ্য, ল্যাঙ্গুয়েজ মডেল বা, ভাষা মডেল হল বিশ্বের সব ভাষার এআই মডেল, যেমন : চ্যাটজিপিটি, ক্লাউড, জেমিনি প্রভৃতি অ্যাপ্লিকেশনগুলির মেরুদণ্ড। পাঠ্য শ্রেণিবিন্যাস, প্রশ্নের উত্তর, পাঠ্য তৈরি, নথির সংক্ষিপ্তকরণ প্রভৃতির মতো সাধারণ ভাষার সমস্যাগুলি সমাধান করার জন্য ভাষা মডেলের প্রয়োজন হয়।

**২৭ এপ্রিল** : 'রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়া'র অ্যাথলিটস কমিশনের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কুস্তিগীর নরসিংহ পঞ্চম যাদব।

❑ এবছর 'কেমব্রিজ ডেডিকেটেড টিচার পুরস্কার'এ, মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকার জন্য আঞ্চলিক বিজয়ী হিসাবে মনোনীত হলেন শিক্ষিকা জিনা জাস্টাস। সংযুক্ত আরব আমিরশাহীর 'শারজাহ গার্লস ব্রাঞ্চ'এর ইংরিজি উচ্চ বিদ্যালয়ের শিক্ষিকা তিনি। একজন পরামর্শদাতা ও মানবিক কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাচ্ছেন জিনা। ১৪১টি দেশের ১৪,৮৪০ জন্য মনোনয়নের মধ্যে থেকে তাঁকে এই পুরস্কারের জন্য বেছে নেওয়া হয়েছে। বিশ্বব্যাপী প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাবিদদের এই পুরস্কারের মাধ্যমে সম্মানিত করা হয়, যাঁরা শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনে নিজেদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেন।

❑ ২২ এপ্রিল 'পৃথিবী দিবস' উদযাপন উপলক্ষ্যে, নয়াদিল্লিতে নিজেদের সদরদফতরে ভারতের বৃহত্তম জলবায়ু ঘড়ি উন্মোচন করল 'কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ'। এই উদ্যোগ জলবায়ু পরিবর্তন ও তার প্রতিকূল প্রভাব সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর জন্য 'সিএসআইআর'এর প্রতিশ্রুতি তুলে ধরে। বর্তমান নির্গমন প্রবণতা অনুসারে, পৃথিবী কত দ্রুত বিশ্ব উষ্ণায়নের ১.৫ ডিগ্রি সেন্টিগ্রেডের কাছাকাছি আসছে, তা দেখাবে এই ঘড়িটি। এছাড়াও, এরমধ্যেই কতটা কার্বন ডাই অক্সাইড নির্গমন হয়েছে তার তথ্য ও এখনও পর্যন্ত কতটা বিশ্ব উষ্ণায়ন হয়েছে তাও দেখাবে ঘড়িটি।

❑ ইউরোপীয় বিমান প্রস্তুতকারক সংস্থা 'এয়ারবাস'এর কাছ থেকে ৩০টি 'এ৩৫০-৯০০' বিমান কেনার অর্ডার দিল ভারতীয় উড়ান সংস্থা 'ইন্ডিগো'। এই বিমানগুলির বডি খুব চওড়া। এই বিমানগুলির সাহায্যে আন্তর্জাতিক রুটে নিজেদের পরিষেবা বিস্তৃত করতে পারবে ইন্ডিগো। ফলে, ভারতের বিভিন্ন মেট্রো শহর থেকে আন্তর্জাতিক গন্তব্যে যাত্রীদের উড়িয়ে নিয়ে যেতে পারবে তারা। ২০২৭ সাল থেকে এই বিমানগুলি ইন্ডিগোর কাছে আসতে শুরু করবে। রিপোর্ট অনুযায়ী, এই নতুন বিমানগুলিতে রোলস রয়েসের ট্রেন্ট এক্সডব্লুবি ইঞ্জিন থাকতে পারে। প্রসঙ্গত উল্লেখ্য, এখন ইন্ডিগোর কাছে এয়ারবাসের যে বিমানগুলি আছে, সেগুলির বডি সরু। এছাড়া, ইন্ডিগোর কাছে 'বোয়িং ৭৭৭' বিমান আছে দু'টি। টার্কিশ এয়ারলাইন থেকে ওই দু'টি বোয়িং লিজে নিয়েছে ইন্ডিগো।

❑ হিমাচল প্রদেশের ঝাকরিতে 'নাথপা ঝাকরি হাইড্রো পাওয়ার স্টেশন'এ, ভারতের প্রথম মাল্টি-পারপাস সবুজ হাইড্রোজেন পাইলট প্রকল্প চালু করল 'এসজেভিএন লিমিটেড'। প্রকল্পটির লক্ষ্য হল, পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎসের মাধ্যমে সবুজ হাইড্রোজেন উৎপাদন করা। প্রকল্পটিতে একটি ২০Nm3/hr (প্রতি ঘন্টায় নর্মাল মিটার কিউব) ইলেক্ট্রোলাইজার ও ২৫ কিলোওয়াট ফুয়েল সেল ক্ষমতা-ভিত্তিক সবুজ হাইড্রোজেন পাইলট সিস্টেম আছে। এর ফলে, এটিই হল দেশের প্রথম মাল্টি-পারপাস সবুজ হাইড্রোজেন উৎপাদন প্ল্যান্ট, যেখানে একসঙ্গে বিদ্যুৎ উৎপাদনও হবে ও 'নাথপা ঝাকরি হাইড্রো পাওয়ার স্টেশন'এ হাই-ভেলোসিটি অক্সিজেন ফুয়েল কোটিং সুবিধাও দেবে। অত্যাধুনিক প্রযুক্তি সম্বলিত এই প্রকল্পটি দৈনিক ৮ ঘন্টার অপারেশনে ১৪ কেজি সবুজ হাইড্রোজেন উৎপাদন করতে সক্ষম। উৎপাদিত হাইড্রোজেন ১২ কিউবিক মিটারের মোট স্টোরেজ ক্ষমতা-সহ ৬টি স্টোরেজ ট্যাঙ্কে ৩০বার চাপে সংরক্ষণ করা হবে।

**২৮ এপ্রিল** : 'করমণ্ডল ইন্টারন্যাশনাল লিমিটেড'এর এক্সিকিউটিভ চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন অরুণ আলাগাপ্পান।

❑ কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রকের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন সুনীল কুমার যাদব।

❑ ভারতের প্রথম ট্রান্সশিপমেন্ট বন্দর হিসাবে কাজ করার জন্য কেন্দ্রীয় জাহাজ মন্ত্রকের কাছ থেকে অনুমোদন পেল কেরলের 'আদানি গোষ্ঠী'র 'ভিজিনজাম বন্দর'। এটি হবে ভারতের প্রথম পূর্ণাঙ্গ ডিপ ওয়াটার ট্রান্সশিপমেন্ট বন্দর, যা ভারতের সামুদ্রিক ক্ষেত্রের জন্য একটি মাইলফলক হিসাবে চিহ্নিত হবে। ট্রান্সশিপমেন্ট বন্দর হল একটি ট্রানজিট হাব, যেখানে একটি জাহাজ থেকে পণ্যসম্ভার তার চূড়ান্ত গন্তব্যে যাওয়ার পথে অন্য জাহাজে স্থানান্তর করা হয়। বিশ্বের বৃহত্তম ট্রান্সশিপমেন্ট বন্দর হল সিঙ্গাপুর, সাংহাই, শেনজেন, বুসান ও হংকং। ২০১৫ সালে ভিজিনজাম ট্রান্সশিপমেন্ট প্রকল্পের সূচনা করেছিল 'আদানি পোর্টস অ্যান্ড স্পেশাল ইকোনমিক জোন লিমিটেড', যা ২০১৯ সালের মধ্যে শেষ হওয়ার কথা ছিল। তবে, এখন চলতি আর্থিক বছরের মধ্যে এটির কার্যক্রম শুরু হওয়ার কথা আছে। বন্দরটির লক্ষ্য হল, ভারতের ট্রান্সশিপমেন্ট বাজারের একটি উল্লেখযোগ্য অংশ দখল করা, যেখানে এখন এক্ষেত্রে একচেটিয়া আধিপত্য রয়েছে শ্রীলঙ্কার কলম্বো বন্দরের।



৬০ বছর বয়সে 'মিস ইউনিভার্স বুয়েনস আয়ার্স'এর খেতাব জিতলেন আলেজান্দ্রা মারিসা রড্রিগেজ। তিনিই হলেন প্রথম মহিলা, যিনি এই বয়সে এসে এই মর্যাদাপূর্ণ খেতাব পেলেন। আর্জেন্তিনার বুয়েনস আয়ার্স এলাকার লা প্লাতা শহরের বাসিন্দা তিনি, যিনি পেশায় একজন আইনজীবী ও সাংবাদিক। বিজয়ী হওয়ার পর, মে'তে 'মিস ইউনিভার্স আর্জেন্তিনা' নামে একটি সৌন্দর্য প্রতিযোগিতায় অংশ নেওয়ার সুযোগও পেয়েছেন আলেজান্দ্রা। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৩ সালেই ঘোষণা করা হয়েছিল, এই সৌন্দর্য প্রতিযোগিতায় অংশ নেওয়ার বয়সসীমা আর ২৮ বছর পর্যন্ত সীমাবদ্ধ থাকবে না। ১৮ বছরের উর্ধ্বে যে কেউ এতে অংশ নিতে পারবেন। তারপরই এই জয় পেলেন আলেজান্দ্রা।

❑ সৌদি আরবের রাষ্ট্রায়ত্ত তেল সংস্থা 'আরামকো'র সঙ্গে অংশীদারিত্ব করল ফিফা। এই চুক্তির মেয়াদ থাকবে ২০২৭ সাল পর্যন্ত। এই সময়ের মধ্যে ২০২৬ সালে পুরুষদের ফুটবল বিশ্বকাপ ও ২০২৭ সালে মেয়েদের ফুটবল বিশ্বকাপ স্পন্সর করবে আরামকো। এই অংশীদারিত্বের মাধ্যমে বিশ্ব ক্রীড়াঙ্গনে সৌদি আরবের প্রভাব আরও বেড়ে গেল বলে মনে করা হচ্ছে।

❑ এবছর সর্বশেষ আইটিটিএফ 'টেবল টেনিস বিশ্ব র‍্যাঙ্কিং'এ ৩৮ তম স্থানে উঠে এলেন সৃজা আকুলা। এর ফলে, মনিকা বাত্রা'কে পিছনে ফেলে ভারতের ১ নম্বর মহিলা সিঙ্গলস টেবল টেনিস তারকার শিরোপা পেলেন সৃজা। এবছর জানুয়ারি ও মার্চে যথাক্রমে 'ডব্লুটিটি ফিডার কর্পাস ক্রিস্টি' ও 'ডব্লুটিটি ফিডার বেইরুট' খেতাব জিতেছেন তিনি। এছাড়াও, দু'বার জাতীয় চ্যাম্পিয়নও হয়েছেন তিনি। ২০২২ সালে শরথ কমল'কে সঙ্গী করে 'কমনওয়েলথ গেমস'এ মিক্সড ডাবলস বিভাগে সোনার পদকও জেতেন সৃজা। অন্যদিকে, এই বিশ্ব র‍্যাঙ্কিংয়ে মনিকা'র স্থান ৩৯। সৃজা ও মনিকা ছাড়াও, মহিলাদের সিঙ্গলস র‍্যাঙ্কিংয়ে শীর্ষ ১০০'র মধ্যে রয়েছেন যশস্বিনী ঘোরপাড়ে (বিশ্ব নং. ৯৯) ও অর্চনা কামাথ (বিশ্ব নং. ১০০)।

❑ এবছর আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপের দূত হিসাবে নিযুক্ত হলেন যুবরাজ সিং।

❑ আসন্ন আইসিসি মহিলাদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ কোয়ালিফায়ার'এর দূত হিসাবে নিযুক্ত হলেন পাক-ই-স্তানের মহিলা ক্রিকেটার সানা মীর।

**২৯ এপ্রিল** : পাক-ই-স্তানের উপ-প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন ইশাক দার।

❑ চিনের অর্থায়নে তৈরি 'মাত্তালা রাজাপাক্ষে আন্তর্জাতিক বিমানবন্দর'এর ব্যবস্থাপনা দু'টি বিদেশি কোম্পানির কাছে হস্তান্তরের ঘোষণা করল শ্রীলঙ্কা। চিনের রাষ্ট্রায়ত্ত 'এক্সিম ব্যাঙ্ক'এর অর্থায়নে তৈরি এই বিমানবন্দরটি ২০১৩ সালে উদ্বোধনের পর থেকেই চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে। শ্রীলঙ্কার মন্ত্রিপরিষদ জানিয়েছে, ভারতের 'শৌর্য অ্যারোনটিক্স (প্রাইভেট) লিমিটেড' ও রাশিয়ার 'এয়ারপোর্টস অফ রিজিয়ন ম্যানেজমেন্ট কোম্পানি' ৩০ বছরের জন্য বিমানবন্দরটির ব্যবস্থাপনা কার্যক্রম তত্ত্বাবধান করবে। প্রসঙ্গত উল্লেখ্য, শ্রীলঙ্কার প্রাক্তন প্রেসিডেন্ট মাহিন্দা রাজাপক্ষে'র নামে নামাঙ্কিত এই বিমানবন্দরটি তৈরি করতে খরচ হয়েছিল প্রায় সাড়ে ১৭ হাজার কোটি টাকা। এর মধ্যে ১৬ হাজার কোটি টাকাই দিয়েছিল চিনের ওই ব্যাঙ্ক। চড়া সুদে ওই অর্থের জোগান দিয়েছিল তারা। কিন্তু সেই ঋণ শোধ করতে ঋণে জর্জরিত হয়ে পড়েছে শ্রীলঙ্কা।

❑ ভারতের প্রথম আপগ্রেডযোগ্য এটিএম চালু করতে চলেছে 'হিতাচি পেমেন্ট সার্ভিসেস'। এই আপগ্রেডযোগ্য এটিএম যেকোনো সময়ে একটি 'হাই-পারফরম্যান্স ক্যাশ রিসাইক্লিং মেশিন'এ রূপান্তরিত হতে পারে। এই রূপান্তরটি একটি ব্যাঙ্ক শাখা বা, অফসাইট অবস্থানে করা যেতে পারে। 'মেক ইন ইন্ডিয়া' উদ্যোগের অধীনে তৈরি এই নতুন আপগ্রেডযোগ্য এটিএমগুলি ব্যাঙ্কিং পরিষেবাগুলিকে আরও সহজলভ্য করে তুলবে, বিশেষত যেসব এলাকায় ব্যাঙ্ক বেশি নেই। এখন ব্যাঙ্কগুলি তাদের শাখাগুলিতে ক্যাশ রিসাইক্লিং মেশিন ব্যবহার করে সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা নগদ টাকা তোলা ও জমা করার পরিষেবা দেয়। তবে, অফসাইট অবস্থানে ব্যাঙ্কগুলি সাধারণত শুধুমাত্র এটিএমের মাধ্যমে সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা নগদ টাকা তোলার সুবিধা দেয়। এই আপগ্রেডযোগ্য এটিএমগুলি, সব ব্যাঙ্ককে তাদের ব্যবসার প্রয়োজনীয়তা ও স্থানীয় বাজারের অবস্থার ওপর ভিত্তি করে ভবিষ্যতে অফসাইট অবস্থানগুলিতে নগদ টাকা জমা করার সুবিধা দেবে ও সেই বিনিয়োগগুলিকে সুরক্ষিতও করবে।

❑ 'কামিকাজে' ড্রোনটিকে অত্যাধুনিক প্রযুক্তিতে গড়ে তুলেছে তেহরান, যা শত্রুপক্ষের ওপর আরও শক্তিশালী আঘাত হানতে সক্ষম। 'কামিকাজে' শব্দটি জাপানি, যার অর্থ 'দৈবী হওয়া'। নির্ধারিত নিশানায় আঘাত হেনে ভয়ঙ্কর বিস্ফোরণ ঘটাতে সক্ষম এই ড্রোন। কয়েকশো কিলোমিটার দূরে হামলা চালাতে পারে এগুলি। সুদূর ঘাঁটি থেকে বলে এই ড্রোনের মাধ্যমে শত্রুর ওপর নজর রাখা যায়। তারপর নিশানার দেখা মিললেই আকাশ থেকে বজ্রের মতো আছড়ে পরে সেটি শেষ করে দিতে পারে এই অস্ত্র। এই হাতিয়ার রাশিয়ার ল্যানসেট ড্রোনের সমকক্ষ।

❑ দক্ষিণ কোরিয়াকে ৫-১ ব্যবধানে হারিয়ে, এবছর 'তিরন্দাজি বিশ্বকাপ'এ ছেলেদের রিকার্ভ টিম বিভাগে সোনার পদক পেল ভারত। এই বিভাগে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেন ধীরাজ বোম্মাদেবারা, তরুণদীপ রাই ও প্রবীণ যাদব।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। কোন জৈব আম্লিক যৌগ শীতল জলে পরিষ্কার দ্রবণ গঠন করে না — বেনজোয়িক অ্যাসিড।

২। চিনির দ্রবণের সন্ধান ক্রিয়ার সময় কোন গ্যাস উৎপন্ন হয় — কার্বন ডাই অক্সাইড।

৩। প্রাকৃতিক রবার কোন যৌগের একটি পলিমার — আইসোপ্রিন।

৪। ব্যাটারিতে কোন অ্যাসিড ব্যবহৃত হয় — সালফিউরিক অ্যাসিড।

৫। বাঁধের জলে কোন শক্তি সঞ্চিত থাকে — স্থিতি শক্তি।

৬। বস্তুর ওজন কোথায় সবথেকে বেশি হয় — মেরু অঞ্চলে।

৭। দার্জিলিংয়ে খাদ্যদ্রব্য সেদ্ধ করতে বেশি সময় লাগে কেন — বায়ুর চাপ কম।

৮। মানব শরীরের বাম নিলয় যখন সংকুচিত হয়, তখন রক্ত প্রবাহিত হয় — মহাধমনীতে।

৯। কিডনির পাথর হল আসলে — ক্যালশিয়াম অক্সালেট।

১০। 'টেলিগ্রাফ'এর আবিষ্কারক —



স্যামুয়েল ফিনলে ব্রিস মোর্স।

## ইতিহাস

১১। সিন্ধু সভ্যতার কেন্দ্রগুলির মধ্যে প্রথম আবিষ্কৃত হয় — হরপ্পা।

১২। সিন্ধু সভ্যতার মানুষ কোন শস্যের চাষ প্রথম শিখেছিল — গম ও বার্লি।

১৩। বহলুল লোদী কোন বংশকে প্রতিস্থাপিত করে লোদী বংশের সূচনা করেছিলেন — সৈয়দ বংশ।

১৪। মোগল আমলে কোন স্থান জরির কাজের জন্য বিখ্যাত ছিল — ফৈজাবাদ।

১৫। কোন ব্যক্তিত্ব ১৮৬৬ সালে 'ইস্ট ইন্ডিয়া অ্যাসোসিয়েশন' প্রতিষ্ঠা করেছিলেন — দাদাভাই নওরোজী।

১৬। ১৮৮১ সালে 'দ্য ট্রিবিউন' পত্রিকা প্রতিষ্ঠা করেন — সর্দার দিয়াল সিং মাজিথিয়া।

১৭। 'চাচনামা' কোন অঞ্চলের প্রাচীনতম ইতিহাস — সিন্ধ।

১৮। মোগল সম্রাট দ্বিতীয় শাহ আলমের আসল নাম ছিল — আলি গওহর।

১৯। শিখদের নবম গুরু — গুরু তেগ বাহাদুর।

২০। কার আমলে বাহমানি রাজত্ব অস্তিত্ব লাভ করে — মহম্মদ বিন তুঘলক।

## ভূগোল

২১। চুনাপাথর দিয়ে তৈরি অঞ্চলকে বলে — কার্স্ট অঞ্চল।

২২। 'শোন' নদীর উৎপত্তিস্থল হল — অমরকন্টক।

২৩। 'সাতমালা' পাহাড় ভারতের কোন রাজ্যে আছে — মহারাষ্ট্র।

২৪। 'পীরপঞ্জাল' অঞ্চলের বৃহত্তম হিমবাহ কোনটি — সোনাপানি।

২৫। মার্কিনি ধর্মপ্রচারক জন অ্যালেন চাউ ভারতের কোন দ্বীপে যাওয়ার সময় মারা যান — নর্থ সেন্টিনেল দ্বীপ।

২৬। ভারতের কোন স্থানে খনিজ তেল প্রথম আবিষ্কৃত হয় — অসমের ডিগবয়।

২৭। ভারতের শীর্ষস্থানীয় কফি উৎপাদনকারী রাজ্য কোনটি — কর্ণাটক (৫০ শতাংশের বেশি)।

২৮। 'আল্পস' কোন ধরনের পর্বত — নবীন ভঙ্গিল পর্বত।

২৯। 'সুতলেজ' নদীর বাংলা নাম হল — শতদ্রু।

## সাম্প্রতিক ঘটনা

৩০। 'ইন্টেলিজেন্স ব্যুরো'র স্পেশাল



ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — স্বপ্না তিওয়ারি।

৩১। কোন ভারতীয় উড়ান সংস্থা 'এয়ারবাস'এর কাছ থেকে ৩০টি 'এ৩৫০-৯০০' বিমান কেনার অর্ডার দিল — ইন্ডিগো।

৩২। ভারতের বৃহত্তম জলবায়ু ঘড়ি কোথায় ইনস্টল করা হয়েছে — নয়া দিল্লি।

৩৩। এবছর 'কেমব্রিজ ডেডিকেটেড টিচার পুরস্কার'এ, মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকার জন্য আঞ্চলিক বিজয়ী হিসাবে মনোনীত হলেন কে — শিক্ষিকা জিনা জাস্টাস।

৩৪। সব অফিসারদের ডিজিটাল সই বাধ্যতামূলক করল কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল — জম্মু ও কাশ্মীর।

৩৫। ভারতে এই প্রথম কর্মী হিসাবে কাকে নিয়োগ করল ওপন এআই — প্রজ্ঞা মিশ্র।

৩৬। ভারতের দু'টি বড় মশলার ব্র্যান্ড 'এমডিএইচ' ও 'এভারেস্ট মশলা'র কিছু পণ্য নিষিদ্ধ করল কোন ২ দেশ — সিঙ্গাপুর ও হংকং।

৩৭। বিশ্বের সবথেকে ছোট ভাষার এআই মডেল 'ফি-৩-মিনি' আনল কারা — মাইক্রোসফট।

৩৮। ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট এখন কে — প্রবোও সুবিয়ান্তো।

৩৯। 'পাসপোর্ট অ্যাফোর্ডিবিলিটি ইনডেক্স'এ ভারতের স্থান কত — দ্বিতীয়।

৪০। 'কটন কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর চিফ ভিজিল্যান্স অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — নিধি এস.জৈন।

সঙ্কলক : পলি দেওয়ান

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৬,১২৮

১ পাতার পর

ইউকো ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়।

যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশন / ল্যাঙ্গোয়েজের সার্টিফিকেট /ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হতে হবে। স্কুল / কলেজ / ইনস্টিটিউটে কম্পিউটার /ইনফর্মেশন টেকনোলজি একটি অন্যতম বিষয় হিসাবে নিয়ে থাকলে কম্পিউটারের ডিগ্রি / ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ না হলেও হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের সরকারি (অফিসিয়াল) ভাষা পড়তে / লিখতে ও বলতে পারা দরকার। প্রাক্তন সমরকর্মীরা ওপরের ওই শিক্ষাগত যোগ্যতা না থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় আর্মি স্পেশাল সার্ভিস অফ এডুকেশন, নেভি বা, এয়ারফোর্সের করেসপন্ডিং সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে ও অন্তত ১৫ বছর চাকরি করে থাকতে হবে।

বয়স হতে হবে ১-৭-২০২৪'র হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আইনত আলাদা হয়ে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। তপশিলীদের প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে আগস্টে। কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ তা দেওয়া হল : **(A) WEST BENGAL — (1) Bank of India :** 17 (UR : 10, OBC : 3, SC : 3, EWS : 1), **(2) Central Bank of India :** 167 (UR : 68, OBC : 36, SC : 38, ST : 8, EWS : 17), **(3) Punjab National Bank:** 120 (UR : 49, OBC : 26, SC : 27, ST : 6, EWS : 12), **(4) Punjab & Sind Bank :** 18 (UR : 10, OBC : 3, SC : 4, EWS : 1). (5) **Indian Overseas Bank** : 9 (UR : 3, OBC : 2, SC : 4).

**(B) JHARKHAND — (1) Bank of India :** 34 (UR : 15, OBC : 4, SC : 04, ST : 8, EWS : 3), **(2) Central Bank of India :** 20 (UR : 9, OBC : 2, SC : 2, ST : 5, EWS : 2). **(3) Indian Overseas Bank** : 1 (OBC), **(4) Punjab National Bank :** 10 (UR : 5, OBC : 1, SC : 1, ST-2, EWS-1). **(5) Punjab & Sind Bank :** 5 (UR : 4, ST : 1).

**(C) BIHAR — (1) Bank of India :** 16 (UR : 9, OBC : 04, SC : 02, EWS : 01), **(2) Central Bank of India :** 185 (UR : 87, OBC : 49, SC : 29, ST : 1, EWS : 19), **(3) Indian Overseas Bank :** 1 (OBC), **(4) Punjab National Bank :** 30 (UR : 15, OBC : 8, SC : 4, EWS-3), **(5) Punjab & Sind Bank :** 5 (UR : 4, OBC : 1).

**(D) ODISHA — (1) Bank of India :** 5 (UR-4, ST-1), **(2) Central Bank of India :** 27 (UR : 12, OBC : 3, SC : 4, ST : 5, EWS : 3), **(3) Punjab National Bank:** 50 (UR : 20, OBC : 6, SC : 8, ST : 11, EWS : 5), **(4) Punjab & Sind Bank :** 9 (UR-6, SC-1, ST-1, OBC-1), **(5) Indian Overseas Bank :** 12 (UR : 5, OBC : 3, SC : 2, ST:2), **(6) Canara Bank** : 4 (UR : 2, SC : 1, ST-1).

**(E) TRIPURA — (1) Central Bank of India :** 3 (UR), **(2) Punjab National Bank:** 15 (UR : 8, SC : 2, ST : 4, EWS : 1), **(3) Punjab and Sind Bank :** 1 (UR).

**(F) Assam – (1) Bank of India :** 2 (UR), **(2) Canara Bank :** 4 (UR : 2, SC : 1, ST-1), **(3) Central Bank of India :** 64 (UR : 30, OBC : 17, SC : 4, ST-7, EWS-6), **(4) Punjab and Sind Bank :** 5 (UR : 4, OBC :1).

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন'। পরীক্ষা হবে অনলাইনে আগস্টে, কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন অনলাইন পরীক্ষা কেন্দ্রে। পরীক্ষার প্রশ্ন হবে বাংলা, ইংরিজি ও হিন্দিতে।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বর। সময় ২০ মিনিট। (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। সময় ২০ মিনিট। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। ফল বেরোবে সেপ্টেম্বরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা হবে অক্টোবরে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড-৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। প্রশ্ন হবে ইংরিজিতে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। এরপর প্রভিশনালি অ্যালটমেন্ট পাবেন এপ্রিল নাগাদ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ জুলাই থেকে ২১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব প্রমাণপত্র নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের রঙিন ফটো ও নিজের সই (সিগনেচার) স্ক্যান করা থাকতে হবে (স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'এ জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে)। সিগনেচার স্ক্যান করবেন ১০-২০ কে.বি.'র মধ্যে আর ফটো স্ক্যান করবেন ২০-৫০ কে.বি.'র মধ্যে। (৩) লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করতে হবে, (৪) নিচের এই লেখাটি সাদা কাগজে নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করে নেবেন 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid, I will present the supporting documents as and when required', (৫) পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ১৭৫) টাকা লাগবে। টাকা অনলাইনে জমা দিতে পারবেন, ২১ জুলাইয়ের মধ্যে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'Click here to apply online for CRP Clerks (CRP -Clerks-XIV) 'তে ক্লিক করে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেনী উন্নয়ন ও বিত্ত নিগম

(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

সি এফ, ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা - ৭০০০৬৪

তপশিলী জাতিভুক্ত যুবক / যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ

যোগ্যতা : বয়স ১৮ বছর থেকে ৩৫ বছর  পারিবারিক বার্ষিক আয় : সর্বাধিক ৩ লক্ষ টাকা

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রর ঠিকানা | বিষয় | আসন সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| Joynagar (South 24 Pgs.) | Masume Complex, NS Road, Near Rathtala, P.S. - Joynagar, P.O. - Joynagar Mazilpur, Dist- South 24 PGS, Pin. - 743337 Contact No. - 9732680720 / 9732993720 | Fashion Designer AMH/Q1201 | 100 | Class-XII (Pass) |
| Kalyani (Nadia) | B-14/195, Buddha Park, Kalyani, Nadia, Pin. - 741235, Opposite of Buddha Park Contact No. - 9088021484 | Guest Service Associate (Front Office) THC/Q0102 | 100 | Class-XII (Pass) |
| Krishnanagar (Nadia) | 5/5 D L Roy Road, 2nd Floor, Opp of Sadar Hospital, P.O. - Krishnanagar, Dist. - Nadia, Pin. - 741101 Contact No. - 8851228615 | Counter Sales Executive THC/Q2903 | 80 | Class-XII (Pass) |
| Bagula (Nadia) | Lodge Logon, 2nd Floor, Bagula Bazar, P.O. - Bagula, Dist. - Nadia, Pin. - 741502 (Opp of Bagula Fish Market) Contact No. - 8641809271 | Counter Sales Executive THC/Q2903 | 120 | Class-XII (Pass) |
| Bolpur (Birbhum) | Goespur, Muluk, P.S. - Bolpur, Dist. - Birbhum, Pin. - 731204, Near Aroti More Contact No. - 9851877123 | Fashion Designer AMH/Q1201 | 100 | Class-XII (Pass) |

প্রকল্প রূপায়ণে -
Ascensive Educare Ltd.

অনলাইনে সরাসরি আবেদন করুন : www.wbbcdev.gov.in
Help Line No. - 83369 02854
আবেদন করার শেষ তারিখ : 7th July, 2024




রানাঘাট অঞ্চলের দীর্ঘদিনের সংবাদপত্র বিক্রেতা পিনাকী বসু ২৭ জুন, বৃহস্পতিবার ভোরবেলায় হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান। বয়স হয়েছিল ৫৪ বছর। রেখে গেলেন স্ত্রী ও একমাত্র কন্যাকে। এই আকস্মিক প্রয়াণে সংস্থার প্রকাশন পরিবারের তরফ থেকে জানাই আন্তরিক সমবেদনা।

# সাইবার ক্রাইম ও চাইল্ড প্রোটেকশন-এর সার্টিফিকেট কোর্সে ভরতি

দ্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেস ২০২৪-২৫ সেশনের জন্য কয়েকটি কোর্সে ভরতি শুরু হয়েছে। পড়ানো হবে এইসব সার্টিফিকেট কোর্স : সাইবার ক্রাইম অ্যান্ড সাইবার ফরেন্সিক, দ্য প্রোটেকশন অফ চিলড্রেন ফ্রম সেক্সুয়াল অফেন্স, নারকোটিক ড্রাগ অ্যান্ড সাইকোপ্যাথিক সাবস্ট্যান্ট অ্যাক্ট, প্রোটেকশন অ্যান্ড ইনভেস্টিগেশন ফর প্রসিকিউটর্স। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। ফী ২০,০০০ টাকা। দরখাস্ত করার শেষ তারিখ ১০ জুলাই। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://nujsadm.samarth.edu.in

## রাজ্য পুলিশে কনস্টেবল

WBPRB Exam

# পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল



পশ্চিমবঙ্গ পুলিশে ' কনস্টেবল' পদে ১১,৭৪৯ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। এবার থেকে এই পদের জন্য একটিই লিখিত পরীক্ষা হবে। এই পরীক্ষায় ৮৫ নম্বরের ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ - ২৫ নম্বর, (খ) ইংরিজি ১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স - ২৫ নম্বর, (গ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস - ২৫ নম্বর। সময় থাকবে ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **বিজয় হালদার**।

1. কোন দিনকে মহাবিষুব বলা হয়?
(a) 21 মার্চ (b) 23 সেপ্টেম্বর (c) 21 জুন (d) 21 ডিসেম্বর

2. আধুনিক অ্যানাটমির জনক কে?
(a) লিভেনহিক (b) উইলিয়াম হার্ভে (c) আন্দ্রেয়াস ভেস্যালিয়াস (d) লুই পাস্তুর

3. পশ্চিমবঙ্গের দুর্গাপুর লৌহ ইস্পাত কেন্দ্র গড়ে ওঠে কোন পরিকল্পনায়?
(a) প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (b) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা (c) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা (d) পঞ্চবার্ষিকী পরিকল্পনা

4. আরশোলার রেচন অঙ্গের নাম কী?
(a) সবুজগ্রন্থি (b) নেফ্রিডিয়া (c) কক্সালগ্রন্থি (d) ম্যালপিজিয়ান নালিকা

5. ন্যাপথালিনের প্রধান উৎস কী?
(a) পেট্রোলিয়াম (b) আলকাতরা (c) ডিজেল (d) ভিনিগার

6. ভারতের নির্বাচন কমিশন সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে আছে?
(a) 315 (b) 324 (c) 348 (d) 352

7. দক্ষিণ ভারতের একমাত্র মহাজনপদ কোনটি?
(a) কাশি (b) কোশল (c) অস্মক (d) কুরু

8. মানবদেহের কোন অঙ্গ ইনসুলিন উৎপন্ন করে?
(a) অগ্ন্যাশয় (b) লিভার (c) কিডনি (d) হার্ট

9. ভারত ও চিনের মধ্যে কোন আন্তর্জাতিক সীমারেখা রয়েছে?
(a) র‍্যাডক্লিফ লাইন (b) তিনবিঘা করিডর (c) ম্যাকমোহন লাইন (d) পক প্রণালী

10. কোন ভিটামিনের জন্য প্রজনন ক্ষমতা কমে যায়?
(a) ভিটামিন বি (b) ভিটামিন ই (c) ভিটামিন ডি (d) ভিটামিন কে

11. 'সিপাহী বিদ্রোহ'এর সময় ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) লর্ড কর্নওয়ালিস (b) লর্ড অকল্যান্ড (c) লর্ড আমহার্স্ট (d) লর্ড ক্যানিং

12. পশ্চিমবঙ্গে কত সালে 'কন্যাশ্রী' প্রকল্প চালু হয়?
(a) 2012 (b) 2013 (c) 2014 (d) 2015

13. কলিঙ্গ রাজ খারবেলের কথা কোন শিলালিপিতে লেখা আছে?
(a) এলাহবাদ স্তম্ভলিপি (b) জুনাগড় লিপি (c) হাতিগুম্ফা লিপি (d) নাসিক প্রশস্তি

14. 'তালচের তাপবিদ্যুৎ কেন্দ্র' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) বিহার (b) ঝাড়খণ্ড (c) ওড়িশা (d) উত্তর প্রদেশ

15. 'আর্য সমাজ' কে প্রতিষ্ঠা করেন?
(a) স্বামী বিবেকানন্দ (b) স্বামী দয়ানন্দ সরস্বতী (c) রাজা রামমোহন রায় (d) ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর

16. 'বন্দিপুর অভয়ারণ্য' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) সিকিম (b) উত্তর প্রদেশ (c) মধ্য প্রদেশ (d) কর্ণাটক

17. মানুষের কোশে মোট কতগুলি ক্রোমোজোম আছে?
(a) 40 (b) 42 (c) 44 (d) 46

18. 'ভারতীয় পরিকল্পনা কমিশন' কবে গঠিত হয়?
(a) 1950 (b) 1952 (c) 1954 (d) 1956

19. ক্ষমতার এস.আই একক কী?
(a) জুল (b) ওয়াট (c) জুল / সেকেন্ড (d) b ও c উভয়ই

20. ভারতের অরণ্য গবেষণাগারটি কোথায় অবস্থিত?
(a) রাঁচি (b) ইন্দোর (c) দেরাদুন (d) কানপুর

21. কত সালে কলকাতা, ব্রিটিশ ভারতের রাজধানী হয়?
(a) 1765 (b) 1770 (c) 1772 (d) 1775

22. 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর গভর্নর এখন কে?
(a) টি. রবিশঙ্কর (b) এম. রাজেশ্বর রাও (c) মাইকেল দেবব্রত পাত্র (d) শক্তিকান্ত দাশ

23. নীচের কোনটি মেরুদণ্ডী প্রাণী নয়?
(a) মাছ (b) সাপ (c) মাকড়শা (d) পাখি

24. পরমাণুর সবথেকে হালকা কণা কোনটি?
(a) ইলেক্ট্রন (b) প্রোটন (c) নিউট্রন (d) আলফা কণা

25. ভারতের রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গের সঙ্গে সর্বাধিক দৈর্ঘ্যের সীমান্ত যুক্ত রাজ্য হল —
(a) বিহার (b) ওড়িশা (c) ঝাড়খণ্ড (d) উত্তর প্রদেশ

26. রামের আয় শ্যামের থেকে শতকরা 10 বেশি হলে, শ্যামের আয় রামের আয়ের থেকে শতকরা কত কম?
(a) $\frac{100}{11}$ (b) $\frac{109}{12}$ (c) $\frac{118}{5}$ (d) $\frac{123}{7}$

27. কোনো সুষম বহুভুজের একটি অন্তঃকোণের মান 144 ডিগ্রি হলে, বাহু সংখ্যা কত হবে?
(a) 5 (b) 7 (c) 10 (d) 12

28. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি 55 বছর। 16 বছর পর পিতার বয়সের দ্বিগুণ হবে। এখন পিতা ও পুত্রের বয়স কত বছর?
(a) 42 ও 13 (b) 35 ও 20 (c) 40 ও 15 (d) 45 ও 10

29. গত বছর চূড়ান্ত পরীক্ষায় কোনো বিদ্যালয়ে পরীক্ষার্থীদের 65% বাংলায়, 55% গণিতে ও 40% উভয় বিষয়ে পাশ করে। যদি 20 জন উভয় বিষয়ে ফেল করে, তবে ওই বিদ্যালয়ে মোট পরীক্ষার্থীর সংখ্যা কত জন ছিল?
(a) 100 (b) 150 (c) 200 (d) 250

30. কোনো বিশেষ প্রকার মিশ্র সারে ইউরিয়া ও পটাশের অনুপাত 2 : 5. এরকম 14 কেজি মিশ্র সারে 2 কেজি ইউরিয়া মিশালে মিশ্র সারে ইউরিয়া ও পটাশের অনুপাত কী হবে?
(a) 1 : 8 (b) 2 : 7 (c) 3 : 5 (d) 4 : 7

31. একজন রেডিও বিক্রেতা 363.75 টাকায় একটি রেডিও বিক্রি করায় 3% ক্ষতি হয়েছে। কত টাকায় বিক্রি করলে 10% লাভ হত?
(a) 412.50 (b) 415.50 (c) 420.50 (d) 425.50

32. একটি উন্নয়ন সংস্থা বার্ষিক 12% সরল সুদের হারে সুদ দিয়ে জনসাধারণের কাছ থেকে কিছু টাকা সংগ্রহ করে। এক ব্যক্তি ওই সংস্থায় কিছু টাকা জমা দিলে 5 বছর সুদে আসলে 4,800 টাকা পেলেন। তিনি কত টাকা জমা দিয়েছিলেন?
(a) 1500 (b) 2000 (c) 2500 (d) 3000

33. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য 15 মিটার ও 12 মিটার। প্রাঙ্গনটির ভিতরের চারদিকে 1.5 মিটার চওড়া রাস্তা করতে প্রতি বর্গ মিটারে 22.25 টাকা হিসাবে মোট কত টাকা লাগবে?
(a) 1412 (b) 1602 (c) 1675 (d) 1725

34. দু'টি ক্রমিক ধনাত্মক যুগ্ম সংখ্যার গুণফল 528, সংখ্যাগুলি কী কী?
(a) 22 ও 24 (b) 24 ও 26 (c) 26 ও 28 (d) 28 ও 30

35. এক ব্যক্তির মাইনে 15% বেড়ে 575 টাকা হল। ওই ব্যক্তির আগের মাইনে কত টাকা ছিল?
(a) 400 (b) 500 (c) 600 (d) 700

36. A : B = 2 : 3 ও B : C = 3 : 7 হলে A : C কত?
(a) 1 : 7 (b) 2 : 7 (c) 3 : 7 (d) 4 : 7

37. A কিছু সময়ের জন্য 1,800 টাকা ও 9 মাসের জন্য 1,000 টাকা কোনো ব্যবসায় লাগান। A ও B-এর লভ্যাংশ সমান হলে, A তার মূলধন কত মাসের জন্য খাটিয়েছিল?
(a) 4 (b) 5 (c) 6 (d) 7

38. কোনো বর্গক্ষেত্রের প্রতি বাহুর দৈর্ঘ্য 10% বাড়লে ক্ষেত্রফল শতকরা কত বাড়বে?
(a) 21% (b) 31% (c) 41% (d) 51%

39. যদি A-এর 20% = B-এর 50% হয়, তবে B, A-এর শতকরা কত?
(a) 150% (b) 200% (c) 250% (d) 350%

40. প্রদীপ ও প্রকাশের ওজন একসঙ্গে 40 কেজি। প্রদীপের ওজনের অর্ধেক প্রকাশের ওজনের $\frac{5}{6}$ অংশের সমান হলে, প্রদীপের ওজন কত কেজি?
(a) 30 (b) 50 (c) 70 (d) 90

41. একটি বাক্সে 25 পয়সা, 50 পয়সা ও 1 টাকার মোট 378টি মুদ্রা আছে। তাদের মূল্যের অনুপাত 7 : 11 : 13, তাহলে বাক্সে মোট 25 পয়সার মুদ্রা কতগুলি আছে?
(a) 168 (b) 132 (c) 78 (d) 42

42. দু'টি সংখ্যার যোগফল 54 ও বিয়োগফল 32 হলে, সংখ্যা দু'টি কী কী?
(a) 40 ও 14 (b) 43 ও 11 (c) 35 ও 19 (d) 38 ও 14

43. (279 × 167 × 342)-এর একক স্থানীয় অঙ্ক কী?
(a) 1 (b) 3 (c) 6 (d) 8

44. একটি সংখ্যাকে 7 দিয়ে ভাগ করলে ভাগফল 5 ও ভাগশেষ 4, সংখ্যাটি কত?
(a) 37 (b) 39 (b) 41 (d) 45

45. দু'টি সংখ্যার গ.সা.গু 21 ও গুণফল 1575 হলে সংখ্যা দু'টির ল.সা.গু কত?
(a) 75 (b) 80 (c) 85 (d) 90

46. ছয় অঙ্কের বৃহত্তম পূর্ণবর্গ সংখ্যাটি কত?
(a) 998001 (b) 998002 (c) 998003 (d) 998005

47. $\frac{1}{2}\times\frac{3}{4}+\frac{4}{7}$ এর $\frac{6}{7}$ সমান কত?
(a) $\frac{29}{41}$ (b) $\frac{39}{47}$ (c) $\frac{49}{64}$ (d) $\frac{51}{57}$

48. একটি উল্লম্ব বাঁশে একটি বাঁদর ওঠার চেষ্টা করছিল। সে প্রথম 2 সেকেন্ডে 5 ফুট ও পরবর্তী প্রতি 2 সেকেন্ডে অতিরিক্ত 1 ফুট উঠতে পারে। 20 সেকেন্ডে সে কত ফুট উঠবে?
(a) 75 (b) 85 (c) 95 (d) 105

49. এক ব্যক্তি কোনো স্থানে ঘন্টায় 15 কিলোমিটার গতিবেগে গাড়ি চালিয়ে গিয়ে ঘন্টায় 35 কিলোমিটার গতিবেগে ফিরে আসে। পুরো যাত্রাপথে তার গড় গতিবেগ কত?

## রাজ্য পুলিশে কনস্টেবল

(a) 15 কিলোমিটার / ঘন্টা (b) 17 কিলোমিটার / ঘন্টা (c) 21 কিলোমিটার / ঘন্টা (d) 23 কিলোমিটার / ঘন্টা

50. স্থির জলে একটি নৌকার বেগ ঘন্টায় 10 কিলোমিটার ও নদীর স্রোতের বেগ ঘন্টায় 4 কিলোমিটার। স্রোতের অনুকূলে 1 ঘন্টা 30 মিনিটে নৌকাটি কত কিলোমিটার পথ অতিক্রম করবে?
(a) 17 (b) 21 (b) 23 (d) 25

51. লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন।
(a) 2, 3, 6, 7, 14, 15, ?
(a) 16 (b) 30 (c) 31 (d) 32

52. ভুল সংখ্যাটি নির্ণয় করুন।
(a) 8, 14, 26, 48, 98, 194, 386
(a) 194 (b) 98 (c) 14 (d) 48

53. পরবর্তী বর্ণগুলি নির্ণয় করুন।
M, E, N, I, P, O, ___, ___
(a) QI (b) PA (c) SW (d) QO

54. a__c c a b c __a __c c __b c c
(a) cbcb (b) bacb (c) bcba (d) bbcc

55. বেমানান শব্দটি চিহ্নিত করুন।
(a) ইলেক্ট্রন (b) পরমাণু (c) প্রোটন (d) নিউট্রন

56. ম্যাগাজিন : সম্পাদক : : নাটক : ?
(a) নায়ক (b) নায়িকা (c) প্রযোজক (d) নির্দেশক

57. KRVI : NUYL : : AHMQ : ?
(a) DUPT (b) FSCY (c) BJLV (d) WSMT

58. ROME-এর সঙ্কেত MORE হলে, DARE-এর সঙ্কেত কী হবে?
(a) RDEA (b) RAED (c) RDAE (d) RADE

59. TALENT-এর সঙ্কেত LATENT হলে, CLOUDS এর সঙ্কেত কী হবে?
(a) CUDLSO (b) SDUCLO (c) OLCUDS (d) OUSDLC

60. PLOT = 5321, TAKE = 1790 ও PINK = 5469 হলে, PLATE কী হবে?
(a) 35710 (b) 53701 (c) 53710 (d) 73510

61. কোনো সঙ্কেত অনুযায়ী যদি 'লিলি'কে বলা হয় 'পদ্ম', যদি 'পদ্ম'কে বলা হয় 'গোলাপ', যদি 'গোলাপ'কে বলা হয় 'সূর্যমুখী' ও 'সূর্যমুখী'কে বলা হয় 'গাঁদা', তবে ভারতের জাতীয় ফুল কী?
(a) সূর্যমুখী (b) গোলাপ (c) লিলি (d) গাঁদা

62. রবি বাড়ি থেকে বেরিয়ে পূর্বদিকে 3 কিলোমিটার দূরে বাস স্টপেজে গেল। সে সেখান থেকে বাসে করে ঠিক তার বাম দিকে 4 কিলোমিটার দূরে স্কুলে গেল। তাহলে রবির বাড়ি থেকে স্কুলের দূরত্ব কত কিলোমিটার?
(a) 5 (b) 10 (c) 15 (d) 20

63. এক ব্যক্তি উত্তর দিকে মুখ করে দাঁড়িয়ে আছে। প্রথমে সে 90 ডিগ্রি Clockwise ঘুরল ও পরে আবার 45 ডিগ্রি Clockwise ঘুরল। সে কোনদিকে মুখ করে আছে?
(a) উত্তর-পূর্ব (b) দক্ষিণ-পূর্ব (c) পূর্ব-পশ্চিম (d) দক্ষিণ-পশ্চিম

64. NATIONALITY শব্দটির বর্ণগুলির সাহায্যে নিচের শব্দগুলির মধ্যে কোন শব্দটি তৈরি করা যাবে? (প্রতিটি বর্ণ একবার করে ব্যবহার করে)
(a) SANACL (b) TUITION (c) NONION (d) YONINAL

65. ইংরিজি অভিধান অনুযায়ী শব্দগুলিকে সাজিয়ে সঠিক ক্রম নির্ণয় করুন।
1. Lineage 2. Linear 3. Lingual 4. Linseed 5. Linesman
(a) 1, 4, 5, 3, 2 (b) 1, 3, 2, 5, 4 (c) 1, 2, 5, 3, 4 (d) 1, 2, 3, 4, 5

66. ইংরিজি বর্ণমালার প্রথম থেকে 18তম বর্ণের বাঁদিকের সপ্তম বর্ণ কোনটি?
(a) I (b) J (c) K (d) L

67. একটি সারিতে ডানদিক থেকে কমলের স্থান 8তম ও বামদিক থেকে বিমলের স্থান 12তম। যদি তারা পরস্পর স্থান বিনিময় করে, তবে বামদিক থেকে বিমলের স্থান হয় 21তম। তাহলে ডানদিক থেকে কমলের স্থান কত?
(a) 8তম (b) 17তম (c) 21তম (d) তথ্য অসম্পূর্ণ

68. যদি '–' মানে '+' হয়, '÷' মানে '×' হয়, '+' মানে '–' ও '×' মানে '÷' হয়, তবে (2 ÷ 20 × 4 – 5 + 2) রাশিটির মান কত?
(a) 11 (b) 13 (c) 15 (d) 17

69. প্রদত্ত শব্দগুলিকে সঠিক অর্থযুক্ত অনুক্রমে সাজান।
1. নিয়োগপত্র 2. উপার্জন 3. পরীক্ষা 4. আবেদন 5. পড়াশোনা

## রাজ্য পুলিশে কনস্টেবল

(a) 5, 4, 3, 2, 1 (b) 5, 3, 4, 1, 2 (c) 5, 4, 3, 1, 2 (d) 4, 5, 3, 1, 2

**70.** X ও Y হল ভাই। R হল Y-এর বাবা। T হল S-এর বোন। S হল X-এর মামা। R-এর সঙ্গে T-এর কী সম্পর্ক?
(a) বোন (b) ভাই (c) মামা (d) স্ত্রী

**71.** 2000 সালের 1 মার্চ কী বার ছিল?
(a) সোমবার (b) মঙ্গলবার (c) বুধবার (d) বৃহস্পতিবার

**72.** 1984 সালের ক্যালেন্ডার কোন সালের ক্যালেন্ডারের সঙ্গে মিল আছে?
(a) 2010 (b) 2012 (c) 2014 (d) 2016

**73.** এক মহিলাকে দেখিয়ে সোহম বলল, 'তিনি হলেন আমার দিদিমার একমাত্র কন্যার কন্যা'। মহিলাটি সোহমের কে হন?
(a) ভগিনী (b) বোন (c) পিসি (d) মাসি

**74.** বিবৃতি —
(1) কিছু বই হল কাগজ।
(2) সব কাগজ হল পেন।
সিদ্ধান্ত —
(i) সব বই হল পেপার।
(ii) সব পেন হল বই।
(iii) কিছু বই হল পেন।
(iv) সব বই হল কাগজ।
(a) শুধুমাত্র i সত্য (b) শুধুমাত্র iii সত্য (c) i ও iv সত্য (d) iii ও iv সত্য

**75.** কোনো সাঙ্কেতিক ভাষায় 'pit na sa' মানে 'you are welcome', 'na ho pa la' মানে 'they are very good', 'ka da la' মানে 'who is good' ও 'od ho pit la' মানে 'they welcome good people' হলে people-এর সঙ্কেত কী হবে?
(a) pit (b) od (c) la (d) ho

**76.** Direction : Spotting Error
(a) He does not Seen/ (b) to be aware (c) as to his merits / (d) No error

**77.** Direction : In the following questions Choose the Word which is the exact OPPOSITE of the given words.
ADVERSITY
(a) Departure (b) Subtract (c) Prosperity (d) Calm

**78.** Direction : In the following the questions Choose the Word which best express the meaning of the given words.
COMICAL
(a) Funny (b) Tragic (c) Sad (d) Gather

**79.** Direction : Find the Correctly Spelt Words.
(a) Vaccum (b) Vacuum (c) Vaucum (d) Vacum

**80.** That Which can not be Corrected.
(a) Conscious (b) illiterate (c) industrious (d) ignorence

**81.** Direction : In the questions below the given Sentences have been given in Active /Passive Voice. From the given alternatives,Choose the one Which best expresses the given Sentences in passive/ Active Voice.
I have drawn the Picture.
(a) The picture have been drawn by me (b) The picture has been drawn by me. (c) The picture has drawn by me. (d) The picture have drawn by me.

**82.** Direction : pick out the most effective words from the given words to fill in the blank to make the sentence meaningfully complete.
Dare ________ mistakes.
(a) Commit (b) to commit (c) committed (d) committing

**83.** Who__________ was Coming to See us this evening ?
(a) You said (b) did you say (c) did you say that (d) had you said.

Direction : Fill in the blanks with appropriate preparations.

**84.** I was angry ________ his behavior.
(a) With (b) at (c) in (d) to

**85.** Money is not essential _______ happiness.
(a) Of (b) in (c) to (d) for

### উত্তর

1(a). 2(c). 3(b). 4(d). 5(b). 6(b). 7(c). 8(a). 9(c). 10(b). 11(d). 12(b). 13(c). 14(c). 15(b). 16(d). 17(d). 18(a). 19(d). 20(c). 21(c). 22(d). 23(b). 24(a). 25(c). 26(a). 27(c). 28(a). 29(a). 30(c). 31(a). 32(d). 33(b). 34(a). 35(b). 36(b). 37(b). 38(a). 39(c). 40(b). 41(a). 42(b). 43(c). 44(b). 45(a). 46(a). 47(c). 48(c). 49(c). 50(b). 51(b). 52(d). 53(c). 54(c). 55(b). 56(d). 57(a). 58(d). 59(c). 60(c). 61(b). 62(a). 63(b). 64(d). 65(c). 66(c). 67(b). 68(b). 69(c). 70(d). 71(c). 72(b). 73(b). 74(b). 75(b). 76(c). 77(c). 78(a). 79(b). 80(d). 81(b). 82(b). 83(b). 84(b). 85(c).

## ৮,৩২৬ মাল্টি টাস্কিং স্টাফ

১ পাতার পর

অক্টোবর-নভেম্বর নাগাদ। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), দুর্গাপুর (৪৪২৬), বর্ধমান (৪৪০৪), আসানসোল (৪৪১৭), গ্যাংটক (৪০০১), বোকারো (৪২০১), হাজারিবাগ (৪২০৪), জামশেদপুর (৪২০৭), বেরহামপুর (গঞ্জাম) (৪৬০২), রাঁচী (৪২০৫), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), সম্বলপুর (৪৬০৯), পোর্ট ব্লেয়ার (৪৮০২)। ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), গুয়হাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১)।

কম্পিউটার বেসড পরীক্ষায় ২৭০ নম্বরের ৯০টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ৯০ মিনিট। পরীক্ষায় থাকবে দু'টি সেশন। প্রথম সেশনে থাকবে এই ২টি পার্ট : (১) নিউমেরিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল এবিলিটি - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) রিজনিং এবিলিটি অ্যান্ড প্রবলেম সলভিং - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। দ্বিতীয় সেশনে থাকবে এই ২টি পার্ট : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম সেশনে নেগেটিভ মার্কিং নেই। কিন্তু দ্বিতীয় সেশনের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজি-সহ ১৩টি আঞ্চলিক ভাষায়।

কম্পিউটার বেসড পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৩০%, ও.বি.সি. /ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫% আর অন্যান্য ক্যাটেগরি হলে ২০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

মাল্টি টাস্কিং স্টাফ পদের বেলায় অনলাইন কম্পিউটার টেস্টের পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। এই পরীক্ষায় কোনো ইন্টারভিউ নেই। তবে হাবলদার পদের বেলায় অনলাইন কম্পিউটার টেস্টে সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ১৫ মিনিটে ১,৬০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় ২০ মিনিটে ১ কিমি দৌড়তে হবে। সফল হলে মেধা তালিকা তৈরি হবে। কোনো ইন্টারভিউ নেই।

অনলাইন পরীক্ষায় একাধিক প্রার্থী একই নম্বর পেয়ে থাকলে সেক্ষেত্রে প্রথমে প্রথম সেশন, তারপর দ্বিতীয় সেশন, তারপর জন্ম-তারিখ (বেশি বয়সের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন), তারপর নামের বর্ণমালা অনুযায়ী প্রথম দিকের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.gov.in প্রার্থীদের প্রথমে One Time Registration করতে হবে। তখন বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি., আধার কার্ড /প্যান কার্ড /ভোটার কার্ড /পাশপোর্ট / ড্রাইভিং লাইসেন্স /স্কুল বা, কলেজের আই.ডি. কার্ড ইত্যাদি সঙ্গে রাখতে হবে। নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এরপর Register Now-এ গিয়ে ক্লিক করে আগের পাশওয়ার্ড দিয়ে নতুন পাশওয়ার্ড তৈরি করতে পারবেন। তারপর মূল দরখাস্ত পূরণ করতে হবে। তখন রাজ্যের নাম, সেন্টার কোড, বয়স, ঠিকানা, ক্যাটেগরি ইত্যাদি ঠিকভাবে এন্ট্রি করে Continue করলে তার পরের পৃষ্ঠায় শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। এজন্য দরখাস্ত করার আগে ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে এস.বি.আই. নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড /ডেবিট কার্ডে, ভীম ইউ.পি.আই-'র মাধ্যমে, ১ আগস্টের মধ্যে। চালানের মাধ্যমে টাকা জমা দিতে পারবেন ৩১ জুলাইয়ের মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। সবশেষে রেজিস্ট্রেশন করার পর প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত পাঠাবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করার পর কোনো তথ্য ভুল দিয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ১৬ থেকে ১৭ আগস্ট রাত ১১টার মধ্যে।

এক জানলায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য
কর্মসংস্থান, সাপ্তাহিক ও Appointment & Career News
সুখবর-এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com
পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com
উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com
সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে -
9830795430
appointmentnews@gmail.com

## পরীক্ষার তারিখ ঘোষণা করল পি.এস.সি

১ পাতার পর

(৫) ওয়েস্ট বেঙ্গল ইঞ্জিনিয়ারিং সার্ভিসের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) পদের পরীক্ষা হবে ৩০ জুন। এই পদে দরখাস্ত করেছে ৫,৪৩৫ জন প্রার্থী।
(৬) অ্যাসিস্ট্যান্ট ট্রান্সলেটর ( বেঙ্গলী, নেপালী, সাঁওতাড়) পদের পরীক্ষা হবে ২৮ জুলাই। এই পদে দরখাস্ত করেছে ১,৯০০ জন প্রার্থী।
(৭) ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. (মেনস) পরীক্ষা হবে ১৬, ১৭, ১৮ ও ২০ আগস্ট। এই পদের প্রিলিমিনারি পরীক্ষার ফল জুলাইয়ে বেরোনোর সম্ভাবনা আছে।
(৮) টেকনিক্যাল অফিসার (টেক্সটাইল) পদের পরীক্ষা হবে ২৪ আগস্ট। এই পদে পরীক্ষার্থীর সংখ্যা ৩৪৪ জন।
(৯) ফিশারি এক্সটেনশন অফিসার, অ্যাসিস্ট্যান্ট ফিশারি অফিসার, সায়েন্টিফিক রিসার্চ অফিসার, ফিশারি সুপারভাইজর পদের পরীক্ষা হবে ২৪ আগস্ট। এই পদে দরখাস্ত করেছে ৩৪৪ জন প্রার্থী।
(১০) ফিশারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষা হবে ২৫ আগস্ট। এই পদে দরখাস্ত করেছে ১,৪৭৫ জন প্রার্থী।
(১১) ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরির ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষা হবে ২৫ আগস্ট। এই পদে দরখাস্ত করেছে ৩,৬৩১ জন প্রার্থী।
(১২) ২০২২ সালের ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসের মেন পরীক্ষা হবে ২৮ থেকে ৩০ আগস্ট আর ২ থেকে ৪ সেপ্টেম্বর। এই পদে পরীক্ষা দেবে ২৪৬ জন প্রার্থী।
(১৩) টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট গ্রেড-III (হ্যান্ডলুম, স্পিনিং মিলস, সিল্ক উইভিং) পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর। এই পদে দরখাস্ত করেছে ৩১১ জন প্রার্থী।
(১৪) জুনিয়র ইন্সপেক্টিং অফিসার (ডিরেক্টরেট অফ কমার্শিয়াল ট্যাক্স, ইলেক্ট্রিসিটি ডিউটি ইত্যাদি) পদের পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর। এই পদে দরখাস্ত করেছে ১,০২৬ জন প্রার্থী।
(১৫) ২০২৩ সালের ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা হবে ২৭ অক্টোবর।
(১৬) ডিস্ট্রিক্ট অফিসার (ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিং) পদের পরীক্ষা হবে ১০ নভেম্বর। এই পদে দরখাস্ত করেছে ৭৩৫ জন প্রার্থী।

## বিনা খরচায় ইঞ্জিনিয়ারিং পড়ে নৌবাহিনীতে চাকরি

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় নৌবাহিনী ১০+২ ক্যাডেট (বি.টেক.) এন্ট্রি স্কিমে পার্মানেন্ট কমিশনে 'অফিসার' পদে ৪০ জন অবিবাহিত ছেলে নিচেছ। নেওয়া হবে এক্সিকিউটিভ অ্যান্ড টেকনিক্যাল ব্রাঞ্চে।

ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ওই তিন বিষয়ে মোট অন্তত ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর থাকতে হবে। ২০২৪ সালের জে.ই.ই. (মেন)-এর র‍্যাঙ্ক প্রার্থীরাই আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ১৭ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৫ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় প্রতি চোখে ৬/৬, ৬/৯, যা চশমা পরে ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। শুরুতে ১৬ সপ্তাহের ন্যাভাল ওরিয়েন্টেশন ট্রেনিং হবে আগামী বছর জানুয়ারিতে, কেরলের ইঝিমালার ন্যাভাল অ্যাকাডেমিতে। তখন ওইসব প্রার্থীদের 'ক্যাট' পরীক্ষা হবে। সফল হলে ন্যাভাল আর্কিটেকচারের বি.টেক. পড়ার জন্য কোচি ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে পাঠানো হবে। এরপর বিশাখাপত্তনমে ৬ মাসের ওয়্যারশিপ ডিজাইনের কোর্স করার সুযোগ পাবেন। সফল হলে আই.আই.টি. দিল্লিতে ন্যাভাল আর্কিটেকচারের দেড় বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়তে পারবেন। অন্যান্যদের বেলায় ৪ বছরের ইঞ্জিনিয়ারিং কোর্স পড়ানো হবে লোনাভালার আই.এন.এস. শিবাজীর ন্যাভাল কলেজ অফ ইঞ্জিনিয়ারিংয়ে। সব ক্ষেত্রে কোর্স পড়ার সময় ইঞ্জিনিয়ারিং বা, ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চে চাকরি হবে। সফল হলে দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের বি.টেক. ডিগ্রি পাবেন। প্রথমে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মূল মাইনে : ৫৬,১০০-১,১০,৭০০ টাকা। ধাপে ধাপে পদোন্নতি পেয়ে ভাইস অ্যাডমিরাল হওয়ার সুযোগ আছে। শূন্যপদ : এক্সিকিউটিভ অ্যান্ড টেকনিক্যাল ব্রাঞ্চে ৪০টি। এর মধ্যে মহিলা ৮টি।

প্রার্থী বাছাই হবে জে.ই.ই. (মেন) পরীক্ষায় পাওয়া অল ইন্ডিয়া র‍্যাঙ্ক দেখে। এরপর ইন্টারভিউ হবে সেপ্টেম্বরে বেঙ্গালউরু, ভোপাল, কলকাতা ও বিশাখাপত্তনমে। ইন্টারভিউ নেবে সার্ভিস সিলেকশন বোর্ড। মোট ৫ দিনের ইন্টারভিউয়ের প্রথম দিন থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। ইন্টারভিউয়ের প্রথম দিন সফল না হলে বাড়ি ফেরার ট্রেন ভাড়া দেওয়া হবে। সফল হলে ডাক্তারি পরীক্ষা। দরখাস্ত করবেন অনলাইনে, ২০ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো জে.পি.ই.জি. বা, জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'Officer Entry'-তে গিয়ে ক্লিক করলে Apply Online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ও রোল নম্বর স্ক্রিনে পাবেন। এবার ওই সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১৭,৭২৭ ইন্সপেক্টর, অডিটর

১ পাতার পর

'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার/অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার, 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। তবে অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার পদের বেলায় কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-।।' পদের জন্য আবেদন করতে পারেন।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন)' পদের জন্য আবেদন করতে পারেন। গবেষণার কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ১ আগস্টের মধ্যে পাশ মার্কশীট দেখাতে হবে। কোন গ্রুপে কত মাইনে ও কত বয়স থাকতে হবে:

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিসে, 'বি' শ্রেণি তে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে ইন্টেলিজেন্স ব্যুরোতে, 'বি' শ্রেণি তে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ রেলওয়েতে, 'বি' শ্রেণি তে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ এক্সটার্নাল অ্যাফেয়ার্সে, 'বি' শ্রেণি তে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে এ.এফ.এইচ.কিউ, 'বি' শ্রেণি তে।

**অ্যাসিস্ট্যান্ট /অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ /ডিপার্টমেন্টস /অর্গানাইজেশনে, 'বি' শ্রেণি তে।

**ইন্সপেক্টর অফ ইনকাম ট্যাক্স।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি., 'সি' শ্রেণি তে।

**ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণি তে।

**ইন্সপেক্টর (প্রিভেন্টিভ অফিসার)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে :৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণি তে।

**ইন্সপেক্টর (এক্সামিনার)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণি তে।

**অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে ডিরেক্টরেট অফ এনফোর্সমেন্ট, ডিপার্টমেন্ট অফ রেভিনিউয়ে, 'বি' শ্রেণি তে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশনে, 'বি' শ্রেণি তে।

**ইন্সপেক্টর পোস্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ পোস্টে, 'বি' শ্রেণি তে।

**ইন্সপেক্টর।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'বি' শ্রেণি তে।

**অ্যাসিস্ট্যান্ট /অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার:** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রক /বিভাগ / সংস্থায়, 'বি' শ্রেণি তে।

**ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'এর অধীন অফিসার পদে, 'বি' শ্রেণি তে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে, 'বি' শ্রেণি তে।

**এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে সিবিআইসি-তে, 'বি' শ্রেণি তে।

**রিসার্চ অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশনে, 'বি' শ্রেণি তে।

**সাব-ইন্সপেক্টর /জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে ন্যারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে, 'বি' শ্রেণি তে।

**জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার।** বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনে, 'বি' শ্রেণি তে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে: ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি অ্যান্ড এ.জি.-তে, 'সি' শ্রেণি তে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি.জি.ডি.এ.-তে, 'সি' শ্রেণি তে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রি / ডিপার্টমেন্টসে, 'সি' শ্রেণি তে।

**অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে: ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'র অধীনে, 'সি' শ্রেণি তে।

**অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে: ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টসের অধীনে, 'সি' শ্রেণি তে।

**অ্যাকাউন্ট্যান্ট / জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রক বা; বিভাগে, 'সি' শ্রেণি তে।

**পোস্টাল অ্যাসিস্ট্যান্ট /সর্টিং অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে ডাকবিভাগে, 'সি' শ্রেণি তে।

**সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট /আপার ডিভিশন ক্লার্ক।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে: ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল গভঃ অফিস/মিনিস্ট্রিজ আদার দ্যান সি.এস.সি.এস. ক্যাডারে, 'সি' শ্রেণি তে।

**সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে, 'সি' শ্রেণি তে।

**ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে: ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি.-তে, 'সি' শ্রেণি তে।

**ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে: ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.-তে, 'সি' শ্রেণি তে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে: ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'সি' শ্রেণি তে।

১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২৮-১৯৯৭ থেকে ১-৮-২০০৬'এর মধ্যে।

১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২৮-১৯৯৪ থেকে ১-৮-২০০৬'এর মধ্যে।

২০ থেকে ৩০ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২৮-১৯৯৪ থেকে ১-৮-২০০৪'এর মধ্যে।

১৮ থেকে ৩২বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২৮-১৯৯২থেকে ১-৮-২০০৬'এর মধ্যে।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-৮-২০২৪'র হিসাবে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর পদে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (উপজাতি ও পাহাড়ি অঞ্চলের প্রার্থী হলে ১৬০) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫০ (উপজাতি ও পাহাড়ি অঞ্চলের প্রার্থী হলে ১৪৫) সেমি। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯, কাছের বেলায় এক চোখে ০.৬ ও অন্য চোখে ০.৮।

ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/এক্সামিনার /প্রিভেন্টিভ অফিসার /ইন্সপেক্টর) ও সাব-ইন্সপেক্টর (সি.বি.এন.) পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৫২৫) সেমি, বুকের ছাতি না ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি। এই পদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার পায়ে হাঁটা আর ৩০ মিনিটে ৮ কি.মি. সাইকেল চালানো। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২(তপশিলী উপজাতি হলে ১৪৯.৫) সেমি আর ওজন হতে হবে ৪৮ (তপশিলী উপজাতি হলে ৪৬) কেজি। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২০ মিনিটে ১ কি.মি. পায়েহাঁটা আর ২৫ মিনিটে ৩ কি.মি. সাইকেল চালানো। শূন্যপদ প্রায় ২০,০০০'এর মতো। তবে শূন্যপদের সংখ্যা আরো বাড়তে পারে। মোট শূন্যপদের মধ্যে তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি., ই.ডব্লু.এস., প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2024'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্টটায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে সেপ্টেম্বর-অক্টোবর মাস নাগাদ। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা (কোড ৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪০৪), দুর্গাপুর (৪৪২৬), গ্যাংটক (৪০০১), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), পটনা (৩২০৬), রাঁচি (৪২০৫), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), ইম্ফল (৫৫০১), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), আগরতলা (৫৬০১), কোহিমা (৫৩০২), শিলচর (৫১১১), পোর্ট ব্লেয়ার (৪৮০২), সম্বলপুর (৪৬০৯), জোড়হাট (৫১০৭), চূড়াচন্দপুর (৫৫০২), মজঃফরপুর (৩২০৫)।

সব পদের বেলায় প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৪) ইংলিশ কম্প্রিহেনশন -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। মোট ১ ঘন্টার পরীক্ষা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা দিতে পারবেন।

দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-।'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স - ৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর।

সেকশন-২'এ থাকবে ২১০ নম্বরের ৭০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪৫টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন -১ ও সেকশন -২-এ সময় থাকবে ১ ঘন্টা।

সেকশন-৩'এ থাকবে ৬০ নম্বরের ২০টি প্রশ্ন কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট।

দ্বিতীয় পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে স্ট্যাটিস্টিক্স বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা।

তৃতীয় পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (ফিনান্স অ্যান্ড ইকনমিক্স) বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় দ্বিতীয় পেপারের পরীক্ষা দিতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার বা, অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় তৃতীয় পেপারের পরীক্ষা দিতে হবে।

দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্তনম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-।।'এর বেলায় সেকশন-১, সেকশন-২ ও সেকশন -৩'এর মডিউল-১'এর প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে। দ্বিতীয় পেপার ও তৃতীয় পেপারের প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। সব ক্ষেত্রেই উত্তর দিতে হবে 'ও.এম.আর.' শীটে।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় কম্পিউটারে ঘন্টায় ৮,০০০ কী ডিপ্রেশনের গতিতে ডাটা এন্ট্রি টেস্ট নেওয়া হবে।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, www.sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ২৪ জুলাইয়ের মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। এরপর জে.পি.জি. ফর্মাটে ফটো ও স্ক্যান করা সিগনেচার লাগবে। সবশেষে রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্মে ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ১০ ও ১১ আগস্টের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন, ওপরের ওই ওয়েবসাইটে।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
CLERKSHIP
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৩০০/-টাকা~~ ৩০০/-টাকা
সাফল্য সাফল্য সাধারণ জ্ঞান

# রাজ্য সরকারের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে তপশিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের JEE / WB JEE / NEET-এর কোচিং

## ৩০০ টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে

পশ্চিমবঙ্গ সরকার অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WB JEE / NEET-2005-এর কোচিং করানো হচ্ছে। বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক পাঠরত ছাত্রছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে মাধ্যমিক বা, সমতুল পরীক্ষায় তপশিলী জাতিদের ক্ষেত্রে ৬০% ও উপজাতি বা আদিবাসীদের ক্ষেত্রে ৫০% নম্বর থাকতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/- টাকার মধ্যে। প্রতিটি ছাত্রছাত্রীকে মাসিক ৩০০ টাকা স্টাইপেন্ড দেওয়া হবে। আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www. anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা দিতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন করতে পারেন এই ওয়েবসাইটে : www.wbdcdev.gov.in প্রকল্প রূপায়ণে আছে 'এন.সি.এস.এম'। জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : (১) উত্তর ২৪ পরগনা — বাগদা (হেলেঞ্চা হাই স্কুল, ফোন :৯০৬২৫০৮০২০), বারাসাত (নোয়াপাড়া রাসবিহারী ইনস্টিটিউশন ফর গার্লস, ফোন : ৭৯৮০৪৯১২১৩), ব্যারাকপুর (নৈহাটী নরেন্দ্র বিদ্যানিকেতন, ফোন : ৮৯১০১৯৪৮০২), বসিরহাট (ভ্যাবলা তন্ত্র স্যার আর. এন. মুখার্জী হাই স্কুল, ফোন : ৯৫৪৭৬৯৩৩৬৫)। (২) দক্ষিণ ২৪ পরগনা — বারুইপুর (মদারাট পপুলার অ্যাকাডেমি, ফোন : ৯৬৭৪৪৬১২০৯), ডায়মন্ডহারবার (ভারত সেবাশ্রম সংঘ প্রণব বিদ্যাপীঠ এইচ.এস, ফোন : ৯৬১৪৪৫৯২৩৯), ক্যানিং (ডেভিড শাসন হাই স্কুল, ফোন : ৯৮৩২৫৮৯০৩৬), নামখানা (নারায়ণ বিদ্যামন্দির হাই স্কুল, ফোন : ৮৭৭৭৫০১৮৬৫), ।(৩) বাঁকুড়া — বাঁকুড়া টাউন (বাঁকুড়া গার্লস হাই স্কুল, ফোন : ৮৪৩৬৯০৯৮২৭), খাতড়া (খাতড়া গার্লস হাই স্কুল, ফোন : ৯৯৩২৪৪১০৪৪), বিষ্ণুপুর (বিষ্ণুপুর হাই স্কুল, ফোন : ৯০৬৪৯৮৩২৬৭), ।(৪) হাওড়া — বাগনান (বাগনান গার্লস হাই স্কুল, ফোন : ৮৬৯৭৮০৩৫২০)। (৫) ঝাড়গ্রাম — ঝাড়গ্রাম (ঝাড়গ্রাম কুমুদকুমারী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৩৫২৩৮৭৩০। (৬) পশ্চিম বর্ধমান — দুর্গাপুর টাউন (দুর্গাপুর তারকনাথ হাই স্কুল, ফোন : ৯০৭৬৯০৩৪৯৬)। (৭) পূর্ব বর্ধমান — অম্বিকা কালনা (কালনা মহারাজা হাই স্কুল, ফোন ৬২৯৫৩৩৩৬৯৮), ইস্ট বর্ধমান ( কৃষ্ণপুর হাই স্কুল, ফোন : ৮৯১৮৯৪৩২৩৪), কাটোয়া (কাটোয়া কাশিরাম দাস ইনস্টিটিউশন, ফোন : ৭৬০২৭০৭০৭০)। (৮) পশ্চিম মেদিনীপুর — মেদিনীপুর টাউন (কেরানিতলা শ্রী শ্রী মোহনানন্দ বিদ্যামন্দির, ফোন : ৯৮৩২১২৫০৮৭)। খড়গপুর (খড়গপুর ট্র্যাফিক হাই স্কুল, ফোন : ৬২৯৫৯৯৭০৮৩), সবং (সবং সারদাময়ী হাই স্কুল, ফোন : ৯৭৩২২০৮১২৫)।(৯) পূর্ব মেদিনীপুর — কন্টাই (কন্টাই কিশোরনগর শচীন্দ্র শিক্ষা সদন, ফোন : ৮২৫০৬৩৩৭৯৯)। (১০) পুরুলিয়া — মানবাজার (মানবাজার রাধামাধব ইনস্টিটিউশন, ফোন : ৯০৬৪৯১৬১১২। পুরুলিয়া টাউন (চিত্তরঞ্জন বয়েজ স্কুল, ফোন : ৭৬০১৮০৩৮৭৩)। (১১) আলিপুরদুয়ার — আলিপুরদুয়ার (আলিপুরদুয়ার হাই স্কুল, ফোন : ৮৯০৬২০৯৮৪৫। মাদারিহাট (মাদারিহাট হাই স্কুল, ফোন : ৯৪৩৪১৭৯৬৬৯)। (১২) বীরভূম — সিউড়ি (বীরভূম জেলা হাইস্কুল, ফোন : ৯৮০০১৮৯২৬৫), রামপুরহাট (রামপুরহাট জে. এল. বিদ্যাভবন, ফোন : ৮৬৩৭৩৩০০৫৫)। (১৩) কোচবিহার — কোচবিহার টাউন (জেনকিন্স স্কুল, ফোন : ৮৬৯৭৬৫৬৬৫৫), দিনহাটা (দিনহাটা সোনি দেবী জৈন হাইস্কুল, ফোন : ৮৩৭০৮৪০২৫৬), মাথাভাঙা ( মাথাভাঙা হাই স্কুল, ফোন : ৯৭৭৫১৪১২২২) । (১৪) উত্তর দিনাজপুর — রায়গঞ্জ (সুদর্শনপুর দ্বারিকাপ্রসাদ উচ্চ বিদ্যাচক্র, ফোন : ৮৪৩৬৫১০০০৬), ইসলামপুর (ইসলামপুর হাইস্কুল, বয়েজ, ফোন : ৮৫৩৫৮২৫৩৭৯)। (১৫) দক্ষিণ দিনাজপুর — বালুরঘাট টাউন (বালুরঘাট হাই স্কুল, ফোন : ৯৯৩২৯২৩৫৩৪)। (১৬) দার্জিলিং — শিলিগুড়ি টাউন (শিলিগুড়ি বয়েজ হাই স্কুল, ফোন : ৮৯১৮৬৩৯৭৪২)। দার্জিলিং টাউন (মাইনোরিটি মিটিং হল, অফিস অফ দ্য ডি.এম, ফোন : ৯৬০৯৭০০৪২২)। (১৭) জলপাইগুড়ি — জলপাইগুড়ি টাউন (জলপাইগুড়ি হায়ার সেকেন্ডারি স্কুল, ফোন : ৮৩৯১৯৩৫৭১১)। মালবাজার (মালবাজার আদর্শ বিদ্যাপীঠ, ফোন : ৯৮৩২০৮৬৭৪১), ধূবগুড়ি ( বৈরাটীগুড়ি হাই স্কুল, ফোন : ৮৪৩৬৮১৩৫৮৮)। (১৮) কালিম্পং — কালিম্পং (জুবিলি স্কুল, ফোন : ৮০০১৩৭৭২৪৯)। (১৯) মালদা — মালদা টাউন (মালদা বিভূতিভূষণ হাই স্কুল, ফোন : ৭৭৯৭৯১৯৫৮০)। চাঁচল (চাঁচল সিদ্ধেশ্বরী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৭৯৬৪১৮৪৬)। (২০) নদিয়া — কৃষ্ণনগর (কৃষ্ণনগর এ.ভি হাই স্কুল, ফোন : ৯৬১৪৮৯৪০৯১)। কল্যাণী (ইউনিভার্সিটি এক্সপেরিমেন্টাল হাই স্কুল, ফোন : ৯৯০৩৭৪০০৭৫), রানাঘাট (রানাঘাট দেবনাথ গার্লস হাই স্কুল, ফোন : ৭০২৯৩২১৩০২)। (২১) মুর্শিদাবাদ — জঙ্গিপুর (জঙ্গিপুর হাই স্কুল, ফোন : ৯০০২৪১৫১৭১), বহরমপুর (গোরাবাজার ঈশ্বরচন্দ্র ইনস্টিটিউশন, ফোন : ৯৪৩৩৫৫৫৯৯৯)। (২২) কলকাতা — কলকাতা (যোধপুর পার্ক বয়েজ হাই স্কুল, ফোন : ৬২৯১৬৯১৫৬৩)। (২৩) হুগলি — আরামবাগ (সাব-ডিভিশনাল লাইব্রেরি, ফোন : ৮৫০৯৭৪৯১২৩), ব্যান্ডেল (ব্যান্ডেল বিদ্যামন্দির, ফোন : ৯০৯৩২৫৪১০১), তারকেশ্বর (তারকেশ্বর গার্লস প্রাইমারি স্কুল, ফোন : ৯৭৩২৬২৮৭৩৯)।










Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com